ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




◀◀ 'সফল নারীদের সমাজ ঘৃণা করে'

পৃঃ ৫



ইতিহাসের ▶▶ পাতায় কোহলি

পৃঃ ৬


Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ১৭৬ ● কলকাতা ● ১৪ আষাঢ়, ১৪৩১ ● শনিবার ● ২৯ জুন, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা


## দিল্লি বিমানবন্দরে ভেঙে পড়ল ছাদ

## চাপা পড়ল একাধিক গাড়ি, মৃত ১ এবং আহত ৬



### "এক ব্যক্তির মৃত্যু এবং ৬ জন আহত হয়েছেন দিল্লি এয়ারপোর্ট টার্মিনাল ১ ছাদ ভেঙে পড়ায়"

**বেবি চক্রবর্তী: দিল্লী: নিউজ সারাদিন :** এক ব্যক্তির মৃত্যু এবং ৬ জন আহত হয়েছেন দিল্লি এয়ারপোর্ট টার্মিনাল ১ ছাদ ভেঙে পড়ায়। এই টার্মিনাল থেকে ইন্ডিগো বা স্পাইসজেটে সব উড়ান আজ দুপুর দুটো পর্যন্ত বন্ধ রাখা হয়েছে নিরাপত্তার কারণে।

সূত্র মারফত জানা যাচ্ছে, প্রবল বর্ষণের ফলে, সকাল ৫.৩০ নাগাদ এই দুর্ঘটনা ঘটে এবং এর ফলে চার পাঁচটি গাড়ির, যাতে একটি ট্যাক্সিও ছিল, ক্ষতি হয়েছে। শোনা যাচ্ছে, ছাদের আস্তরণ এবং তাকে ধরে রাখা বিম ভেঙে পড়ে যার ফলে এই ক্ষয়ক্ষতি হয়। প্রসঙ্গত ইন্দিরা গান্ধী ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট পৃথিবীর অন্যতম ব্যস্ত এয়ারপোর্ট।দিল্লি এয়ারপোর্ট কর্তৃপক্ষের তরফ থেকে এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে প্রবল বর্ষণের ফলে টার্মিনাল ১ এর পুরনো বিম ধসে পড়েছে। উদ্ধারকার্য Pjvi সময় একটি লোককে গাড়ি থেকে উদ্ধার করা হয়েছে যার উপরে একটি লোহার বিম পড়েছিল। অসামরিক বিমান পরিবহণ মন্ত্রী রাম মোহন নায়ডুর দুর্ঘটনাস্থল পরিদর্শনে যাওয়ার কথা রয়েছে । চলতি বছরের মার্চ মাসেই দিল্লি বিমানবন্দরের এই এক্সটেনডেড ডিপার্চার বিভাগটির উদ্বোধন করেছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি । রাজধানীতে এখন প্রবল বৃষ্টি-দুর্যোগ চললেও বিমানবন্দরের ছাদ ভেঙে পড়ার মতো ঘটনায় আতঙ্কে যাত্রীরা ।

## লোকসভায় বিরোধী দলনেতা রাহুল গান্ধীর

## বক্তব্য পেশের সময় মাইক বন্ধের অভিযোগ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শুক্রবার স্পিকার নির্বাচনের দিনে রাহুল গান্ধীর মাইক বন্ধের অভিযোগ উঠল। এই নিয়ে শিবিরের জোর চর্চা শুরু হয়ে যায়।

> "লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী এদিন বক্তব্য পেশ করছিলেন সেই সময় রাহুল গান্ধীর মাইক বন্ধ করে দেয়া হয় বলে কংগ্রেসের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে। এই বিষয় এক্স হ্যান্ডিলে কংগ্রেসের পক্ষ থেকে ভিডিও প্রকাশ করা হয়েছে।"

লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী এদিন বক্তব্য পেশ করছিলেন সেই সময় রাহুল গান্ধীর মাইক বন্ধ করে দেয়া হয় বলে কংগ্রেসের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে। এই বিষয় এক্স হ্যান্ডিলে কংগ্রেসের পক্ষ থেকে ভিডিও প্রকাশ করা হয়েছে। এই ঘটনার জন্য স্পিকার ওম বিল্ডার দৃষ্টি আকর্ষণ করেছেন রাহুল গান্ধী। স্পিকার ওম বিড়লা যে মাইক বন্ধের নির্দেশ দেননি সে কথা তিনি জানিয়ে দেন। প্রশ্ন ফাঁস প্রসঙ্গে লোকসভায় আলোচনা করতে হবে এই দাবি করেন বিরোধীরা। এরপর হট্টগোল শুরু হয়ে যায় লোকসভার মধ্যে। শেষে আগামী সোমবার পর্যন্ত সিদ্ধান্ত নিয়েছেন স্পিকার ওম বিরলা। সংসদ ভবনে নিট বিতর্ক নিয়ে বিরোধী দলনেতা রাহুল গান্ধী যখন জোরালো সওয়াল করছিলেন তখনই তার মাইক বন্ধ করে দেওয়া হয় বলে অভিযোগ উঠেছে। এই ঘটনার পর বিরোধীরা প্রশ্ন তুলেছেন শাসক দল কি বিরোধীদের কণ্ঠ রোধ করতে চাইছেন? বিরোধীরা সংখ্যায় কম থাকার জন্য গত লোকসভায় বিরোধীদের কণ্ঠরোধ করা হয়েছিল এবং তাদের ওপর চাপ তৈরি করা হয়েছে বলে অভিযোগ। একতরফাভাবে বিরোধীদের সাসপেন্ড করা হয়েছে। এই অভিযোগও বারবার উঠেছে। রাহুল গান্ধী দাবি করেছেন বিরোধীরা গণতন্ত্র সংবিধানের কণ্ঠস্বর তাই তাদের বলতে দিতে হবে। বিরোধীদের কথা বলার অধিকার দিতে হবে এবং তাদের কথাও শুনতে হবে সরকারকে বিরোধীদের পক্ষ থেকে এই কথা জানানো হয়েছে। নিট বিতর্ক নিয়ে বিরোধীরা লোকসভায় সওয়াল করবে এটা আগেই জানানোর সত্ত্বেও কেন সরকার এই বক্তব্যকে গুরুত্ব দিতে চাইছে না সেই কথা ভাবছেন বিরোধীরা।

## ২০২৫ সালের মাধ্যমিক পরীক্ষার

## সূচি ঘোষণা করল পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ আগামী বছর অর্থাৎ ২০২৫ সালের মাধ্যমিক পরীক্ষার তারিখ ঘোষণা করল। আগামী ১০ই ফেব্রুয়ারি থেকে ২২ শে ফেব্রুয়ারি পর্যন্ত চলবে মাধ্যমিক পরীক্ষা। পরীক্ষা সুষ্ঠুভাবে করতে কোমর বেঁধে নেমেছে মধ্যশিক্ষা পর্ষদ। পরীক্ষা সংক্রান্ত সমস্ত গুরুত্বপূর্ণ ব্যবস্থা নেওয়া হয়েছে।

মধ্যশিক্ষা পর্ষদের সূচি অনুযায়ী ২০২৫ সালের ১০ই ফেব্রুয়ারি প্রথম দিন বাংলা ভাষার পরীক্ষা রয়েছে। ১১ ই ফেব্রুয়ারি মঙ্গলবার দ্বিতীয় দিন থাকছে ইংরেজি ভাষার পরীক্ষা। ১৫ ই ফেব্রুয়ারি তৃতীয় দিন হবে অঙ্ক, ১৭ ই ফেব্রুয়ারি চতুর্থ দিন ইতিহাস, পঞ্চম দিন ১৮ই ফেব্রুয়ারি ভূগোল, ১৯শে ফেব্রুয়ারি জীবন বিজ্ঞান। ২০ শে ফেব্রুয়ারি সপ্তম দিন ফিজিক্যাল সায়েন্স বা ভৌত বিজ্ঞান। সবশেষে সব শেষে ২২শে ফেব্রুয়ারি অষ্টম দিন থাকছে ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা। মধ্যশিক্ষা পর্ষদের পক্ষ থেকে জানানো হয়েছে পরীক্ষার সুচি অনুযায়ী বেশ কয়েকটি ছুটি পরীক্ষার্থীরা পাবে। প্রসঙ্গত উল্লেখ্য, কড়া নিরাপত্তার মধ্যে ৯,২৩,০১৩ জন পরীক্ষার্থী ২০২৪ সালের মাধ্যমিক পরীক্ষায় বসে ছিলেন। যার মধ্যে ৫,১৭০,১৯ জন ছাত্রী এবং ৪,০৫,৯৯৪ জন ছাত্র ছিল। রাজ্যের ২৬৭৫ টি কেন্দ্রে কড়া নিরাপত্তার মধ্যে পরীক্ষা হয়েছিল। ২০২৪ সালের মাধ্যমিক পরীক্ষার পাশের হার তুলনামূলকভাবে অনেকটাই বেড়েছে বলে পর্ষদ সূত্রে জানতে পারা গেছে।










এরপর ৩ পাতায়

# কিউআর কোড এর সাহায্যে

## ডাকাতি দলকে গ্রেফতার করলো পুলিশ



ধৃতদের কাছ থেকে উদ্ধার হয়েছে গুলি, পাইপগান। ছবি: অমিতলাল সিং দেও।

**পুরুলিয়া: নিউজ সারাদিন :** ডাকাতির পর একটিও 'ক্লু' অর্থাৎ সূত্র ছেড়ে যায়নি দুষ্কৃতীরা। ভরা ভোটের মরশুমে পুরুলিয়ার নদিয়াড়ায় ডাকাতির ঘটনার তদন্তভার হাতে পেয়ে কিনারা করতে নাকানিচোবানি খেতে হয়েছিল দুঁদে পুলিশ কর্তাদের। কিন্তু ওই, কথায় আছে - অপরাধ সংঘটিত করার পর অপরাধী কোনও না কোনও ক্লু ঠিক ফেলেই যাবে অকুস্থলে, যা তাদের ধরিয়ে দেবেই দেবে। উল্লেখ্য, এই ডাকাতদলকে গ্রেপ্তারের পর আরও যে তিনটি ঘটনার কিনারা হয়েছে, তার মধ্যে রয়েছে ২০২২ সালের একটি ঘটনাও। সেবার রঘুনাথপুরের তাঁতিপাড়ায় ব্যবসায়ীর বাড়িতে ভয়াবহ ছিনতাই হয়েছিল। চলতি বছর আদ্রার সুভাষনগরের রেল কলোনি এবং আড়শার সোনাবনা গ্রামে গৃহস্থ বাড়িতে ডাকাতির ঘটনার নেপথ্যেও ছিল এই দুষ্কৃতীদলের হাত। বৃহস্পতিবার সমস্ত বিষয়টি প্রকাশ্যে এনেছে জেলা পুলিশ। এখানেই ঠিক তেমনই হল। ঘটনাস্থলের অদূরে ডাকাতদের ফেলে যাওয়া দুটি মদের বোতল ছিল সেই ক্লু। যার গায়ে থাকা কিউআর কোড স্ক্যান করে, প্রযুক্তির সাহায্য নিয়ে দেড় মাসের মাথায় তার কিনারা করে ফেলল পুরুলিয়া জেলা পুলিশ। ৬ জনকে গ্রেপ্তার করে তোলা হয় রঘুনাথপুর আদালতে। তাদের ১২ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেওয়া হয়েছে।

গত ৯ মে পুরুলিয়ার নদিয়াড়া গ্রামে এক ব্যবসায়ীর বাড়িতে নগদ, গয়না মিলিয়ে প্রায় ৩৫ লক্ষ টাকা ডাকাতি হয়। ডাকাতদল সিসিটিভির ডিভিআর পর্যন্ত নিয়ে চলে যায়। এই ঘটনার তদন্তে নেমে কোনও সূত্র খুঁজে পাচ্ছিল না পুলিশ। লোকসভা ভোটের মাঝে এমন অপরাধের ঘটনার কিনারা করতে বিশেষ তদন্তকারী দল সিট গঠন করে পুরুলিয়ার পুলিশ। DSP পদমর্যাদার এক অফিসারকে মাথায় রেখে পুলিশ সুপারের নেতৃত্ব তৈরি হয় বিশেষ টিম। ছিলেন Special Operation Group-এর সদস্যরাও। নদিয়াড়া গ্রামের অদূরে অর্থাৎ ঘটনাস্থল থেকে কিছুটা দূরে ব্র্যান্ডেড দুটি মদের বোতল উদ্ধার হয়। তাতে কিউআর কোড ছিল। দুঁদে তদন্তকারীরা সেই কিউআর কোডকে হাতিয়ার করেই তদন্তে নামেন।

সিটের প্রধান পুলিশ সুপার অভিজিৎ বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে পুরো অপারেশনটি হয়। মদের বোতলের কিউআর কোড স্ক্যান করে কিছু সংখ্যা পাওয়া যায়। সেই সংখ্যা খতিয়ে দেখে কোথা থেকে মদের বোতলগুলি বিক্রি হয়েছে, তা বোঝা যায়। এর পর জেলা আবগারি দপ্তরের সঙ্গে যোগাযোগ করে সিট । মদ সরবরাহকারীর খোঁজ শুরু হয়। ডিসট্রিবিউটরের তরফে কোন অফ শপে ওই মদের বোতল পৌঁছেছে। তাতে জানা যায়, পুরুলিয়ার মফস্বল থানার চাষমোড়ের দোকানে দুটি মদের বোতল বিক্রির জন্য আসে। কবে বিক্রি হয়েছিল, সেসব তথ্য সংগ্রহ করেন তদন্তকারীরা। জোগাড় করা হয় ওই দোকানের সিসিটিভি ফুটেজও। তা দেখে ক্রেতা তথা দুষ্কৃতীদের চিহ্নিত করা হয়। প্রযুক্তির সাহায্য নিয়ে আরও বেশ কিছু তথ্য হাতে পায়। সেসবের সূত্র ধরেই নদিয়াড়ায় ডাকাতির ঘটনার কিনারা হয়। মঙ্গলবার গ্রেপ্তার করা হয় ঝাড়খণ্ডের তিন বাসিন্দা সরবতি আনসারি, মইমুদ্দিন আনসারি, কায়ুম আনসারিকে। এর মধ্যে মইমুদ্দিন ও কায়ুমের বাড়ি ধানবাদের কাতরাসের শ্যামডিতে। সরবতি ঝাড়খণ্ডের রেহেরগোড়ার বাসিন্দা। ধৃত বাকি তিনজনের নাম দিলখুশ আনসারি, সাকিমুদ্দিন আনসারি, নইম আনসারি। তাদের সকলের বাড়ি পুরুলিয়ার (Purulia) সাঁওতালডিহির পারবহাল গ্রামে। ধৃতদের কাছ থেকে ৬ রাউন্ড গুলি, ৬টি পাইপগান উদ্ধার করেছে পুলিশ। বুধবার রঘুনাথপুর আদালতে তাদের পেশ করা হলে ১২ দিন পুলিশ হেফাজতের নির্দেশ দেন বিচারক। পুরুলিয়ার পুলিশ সুপার অভিজিৎ বন্দ্যোপাধ্যায় বলেন, "গত মে মাসে এক ব্যবসায়ীর বাড়িতে ডাকাতির ঘটনায় কোনও সূত্র ছিল না। তার মধ্যেই ওই ঘটনায় আগ্নেয়াস্ত্র সমেত ৬ জনকে গ্রেপ্তার করে ওই ডাকাতি-সহ মোট চারটি ঘটনার কিনারা হয়েছে।"

## টেন্ডার

**TENDER NOTICE**

Percentage rate Tender invited vide **NIT No. 1/Rampara-I GP/2024-2025** With **Vide Memo No. - 123/Ram-I/15th CFC (Tied)/ 2024-25, Dated:- 26-06-2024** by the Prodhan Rampara-I Gram Panchayat. Last Date of Application : **10/7/2024 up to 2.00 PM Hours.** Interested contractors may visit NOTICE BOARD of Rampara-I Gram Panchayat, under Beldanga-II Block, MSD.


**Sd/-, Prodha**
**Rampara-I Gram Panchayet**
**Rampara, Murshidabad**

# গাছ ভেঙে পড়ে কলকাতার গল্ফগ্রিনে মৃত্যু হল এক ব্যক্তির



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গাছ ভেঙে পড়ে কলকাতার গল্ফগ্রিনে মৃত্যু হল এক ব্যক্তির। জানা গিয়েছে, শুক্রবার সকালে গল্ফগ্রিনের নেতাজি মূর্তির পাশে প্রথমে একটি কৃষ্ণচূড়া গাছ ভেঙে পড়ে, সেই গাছটি একটি নিমগাছের উপর পড়লে নিমগাছটিও ভেঙে পড়ে ওই ব্যক্তির উপর। আর তাতেই মৃত্যু হয় আলোক কয়াল নামে এক ব্যক্তির।ঘটনার পরপরই ৯৫ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর তপন দাশগুপ্ত ঘটনাস্থলে পৌঁছন। তিনি বলেন, "গল্ফগ্রিনে একাধিক গাছ এমন রয়েছে, যেগুলোর ডালপালা কাটতে হবে। পুরনো গাছ যে কোনও সময় ভাঙতে পারে। দেবাশিষ কুমারকে জানিয়েছি। মৃতের পরিবারের পাশে থাকব।"স্থানীয় সূত্রে খবর, শুক্রবার সকালে বৃষ্টির সময় রাস্তার ধারে রিকশায় বসেছিলেন তিনি। সেই সময়েই তাঁর রিকশার উপর ভেঙে পড়ে একটি গাছ। তাতেই গুরুতর আহত হন তিনি। হাসপাতালে নিয়ে গেলে তাঁকে মৃত বলে ঘোষণা করা হয়।

পুলিশ সূত্রে খবর, বৃষ্টির সময় গল্ফগ্রিন সেন্ট্রাল পার্কের সামনে রাস্তার ধারে দাঁড়িয়ে থাকা রিকশায় ছিলেন ওই ব্যক্তি। আচমকা জোরে হাওয়া দেয় এবং পাশের একটি গাছ ভেঙে রিকশার উপরে পড়ে। তাতেই ঘটে ওই মর্মান্তিক ঘটনা।







# মালদা জেলা প্রশাসনের উদ্যোগে

## জুলাই মাসে আমের মেলা হতে চলেছে




**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন :** মালদা জেলা প্রশাসনের উদ্যোগে জুলাই মাসের প্রথম সপ্তাহে শুরু হতে চলেছে জগৎ বিখ্যাত মালদার আমের মেলা।তারই প্রস্তুতি হিসেবে জেলা প্রশাসনিক ভবনে হয়ে গেল আধিকারীদের নিয়ে বৈঠক।

আগামী ৫ই জুলাই মালদা আম উৎসবের উদ্বোধন করা হবে। চলবে ৭ই জুলাই পর্যন্ত অর্থাৎ তিন দিন ধরে চলবে এই মেলা। বিবেকানন্দ স্কুলের পাশের মাঠেই অনুষ্ঠিত হবে এই মেলা।মালদার বিখ্যাত ফজলি, হিমসাগর, ল্যাংড়া, লক্ষণভোগ, আম্রপলি সহ বিভিন্ন প্রজাতির আম এই মেলায় প্রদর্শিত হবে। এছাড়া আমের তৈরি আচার, আমসত্ত্ব, জেলি সহ বিভিন্ন ধরনের প্রোডাক্ট এই মেলায় বিক্রির ব্যবস্থা থাকবে। পাশাপাশি আমের তৈরি সুস্বাদু রসগোল্লা, বিভিন্ন ধরনের মিষ্টি, পায়েসও পাওয়া যাবে এই মেলায়। এদিনের এই বৈঠকে উপস্থিত ছিলেন, মন্ত্রী সাবিনা ইয়াসমিন, জেলা শাসক নিতিন সিংহানিয়া, অতিরিক্ত জেলাশাসক পিযুস সালুঙ্খে, উদ্যান পালন দপ্তরের আধিকারিক সামন্ত লায়েক সহ অন্যান্য আধিকারিকগণ।

# সাংসদে গিয়ে কেউ ঘুমাচ্ছে,

## কেউ ঢুলছে,জুন,মহুয়া ও সায়নীর ছবি ভাইরাল



**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন :** এবারের লোকসভা নির্বাচনে বিপুল ভোটে জয়ী হয়ে সাংসদ হয়েছেন জুন মালিয়া, সায়নী ঘোষ, মহুয়া মৈত্র। কিন্তু একি! তাঁরা সংসদে গিয়ে কেউ ঘুমে কাদা হয়ে গেলেন, কেউ আবার ঢুলুঢুলু চোখে তাকিয়ে! ছবি ভাইরাল হতেই হেসে গড়াগড়ি খাচ্ছে নেট নাগরিকরা। ভাইরাল জুন, সায়নী, মহুয়ার সংসদের ছবি এদিন দুপুরে আচমকাই ভাইরাল হয়ে যায় সংসদের অধিবেশনের একটি ছবি।সেখানে পাশাপাশি বসে থাকতে দেখা যাচ্ছে মহুয়া মৈত্র, জুন মালিয়া এবং সায়নী ঘোষকে। কিন্তু এঁদের তিনজনের মধ্যেই দুজন ঘুমিয়ে কাদা। মাঝে একা জুন মালিয়া ঢুলুঢুলু চোখে তাকিয়ে আছেন। দুই পাশে অঘোরে ঘুমিয়ে আছেন মহুয়া মৈত্র এবং সায়নী ঘোষ। আর সেটা দেখেই মজা পেয়েছেন বিরোধী এবং নেট নাগরিকরা। ছবি প্রকাশ্যে আসতেই সোশ্যাল মিডিয়ায় এই ছবি নিয়ে চলছে মিমের বন্যা। কেউ লিখেছেন,'টিফিনের পর যখন টিচার লেকচার দেন আমার অবস্থা।' কেউ আবার লেখেন, 'টিচার যখন কন্টিনিয়াম থিওরি পড়ান তখন আমি এবং আমার ব্যাক বেঞ্চের বন্ধুরা।' তৃতীয়জন আবার মজা করে লেখেন, 'দুই পাশে কৃষ্ণনগর আর যাদবপুর ঘুমিয়ে, মাঝে জেগে মেদিনীপুর।'

# ধূপগুড়িতে সিআইডির হানা,আটক ৩

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ধূপগুড়িতে সিআইডির হানা।আটক ৩ জন। ঘটনায় চাঞ্চল্য গোটা শহর জুড়ে। কিছুদিন আগেই শিলিগুড়িতে গ্রেপ্তার হয় তিন তৃণমূল নেতা! জমি কেলেঙ্কারিতে । এরই মধ্যে আচমকায় ধূপগুড়িতে সিআইডির হানা সোরগোল পরে গিয়েছে ।ধূপগুড়ি তে সি আই ডি হানা জাল লটারির তদন্তে , জাল টিকিট বিক্রির অভিযোগ আটক করা হয়েছে ৩ জন কে । ৪ সদস্যের সিআইডির টিম ধূপগুড়ি থানা পুলিশ কে নিয়ে খট্টিমারি এলাকায় ভিযান চালায় বলে পুলিশ সূত্রে খবর ।ঘটনাটি ঘটেছে ধূপগুড়ি মহকুমার অন্তর্গত ঝাড় আলতা ২নং গ্রাম পঞ্চায়েতের খট্টিমারি এলাকায় সূত্রের খবর অভিযোগের ভিত্তিতে শুক্রবার সকালে জাল লটারি কাণ্ডে খট্টিমারি বাজার থেকে তিনজনকে গ্রেফতার করে ধুপগুড়ি থানায় নিয়ে আসেন সিআইডি আধিকারিকরা ।থানার ভিতর অভিযুক্তদের জিজ্ঞাসাবাদ চালাচ্ছেন সিআইডি আধিকারিকরা বলে জানা গেছে।

## আদালতে এজি যেটা বলেছেন সেটাই বিশ্বাস করুন

# রাজনৈতিক নেতাদের বক্তব্য বিশ্বাস করার দরকার নেই



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বাংলায় ভোট পরবর্তী হিংসার বিরুদ্ধে আওয়াজ তুলতে বিজেপি কর্মী-সমর্থকদের নিয়ে রাজভবনের সামনে ধর্নায় বসতে চেয়ে কলকাতার পুলিশ কমিশনার বিনীত গোয়েলকে চিঠি দিয়েছিলেন শুভেন্দু অধিকারী। তবে সেই আবেদন খারিজ হয়ে যায়। এরপরই হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন শুভেন্দু । এদিন আদালতে রাজ্য জানায় আগামী রবিবার দুপুর ১২ টা থেকে বিকেল ৪টে পর্যন্ত রাজভবনের সামনে শুভেন্দু অধিকারী ধর্নায় বসতে পারেন। তবে সেখানেও বিপত্তি। আগামী রবিবার প্রধানমন্ত্রীর 'মন কি বাত' অনুষ্ঠান রয়েছে। তাই সেদিন ধর্নায় বসতে চাইছেন না বিরোধী দলনেতা। এরপর ৭ জুলাই অর্থাৎ তার পরের রবিবার ধর্নার অনুমতি দেওয়া যেতে পারে কি না সেই নিয়ে রাজ্যকে জানোনোর জন্য বলেন বিচারপতি সিনহা। অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্ত জানিয়েছেন, রাজ্যের কাছ থেকে নির্দেশিকা নিয়ে হাইকোর্টে জানাবেন। এবার অবশেষে সেই ধর্নায় অনুমতি দেওয়ার কথা জানাল রাজ্য।

বহু টালবাহানার পর বিরোধী দলনেতার নেতৃত্বে ধর্নায় রাজ্য অনুমতি দিলেও কবে ধর্না দেবেন, তা নিয়ে জটিলতার সৃষ্টি হয়েছে। প্রসঙ্গত, কিছু মাস আগে রাজভবনের সামনে ধর্নায় বসেছিলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। এর আগেই এই প্রসঙ্গের উল্লেখ করে আদালতে শুভেন্দুর আইনজীবীর বলেন, 'প্রশাসনিক কারণ দেখিয়ে পুলিশ আমাদের আবেদন বাতিল করে দিয়েছে। যদি ১৪৪ জন্য তা করা হয় তাহলে গত বছর তৃণমূলকে কেন অনুমতি দিয়েছিল পুলিশ?' ওদিকে বৃহস্পতিবার নবান্নে বৈঠকের সময়, মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, "অভিষেকরা যখন রাজভবনের সামনে ধর্না দিয়েছিল, তখন সেখানে ১৪৪ ধারা ছিল না।" এদিন শুভেন্দুর আইনজীবী মুখ্যমন্ত্রীর এই বক্তব্য হাইকোর্টের সামনে উল্লেখ করে বলেন, 'পুলিশমন্ত্রী কীভাবে এই মন্তব্য করতে পারেন?'

এদিন কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহার এজলাসে এই মামলার শুনানি ছিল। সেই সময় শুভেন্দুর আইনজীবী মুখ্যমন্ত্রীর মন্তব্যের উল্লেখ করলে পাল্টা বিচারপতি অমৃতা সিনহা বলেন, "রাজনৈতিক নেতাদের বিশ্বাস করার দরকার নেই।"

বিচারপতি আরও বলেন, "আদালতে এজি যেটা বলেছেন সেটাই বিশ্বাস করুন। রাজনৈতিক নেতাদের বক্তব্য বিশ্বাস করার দরকার নেই। তাতে বিভ্রান্তি বাড়ে। রাজনৈতিক মামলার জেরে বাকি মামলারও ক্ষতি হয়।"

## ব্রিটেনে ভারত-বিরোধিতা নতুন কিছু নয়

# এবার বিখ্যাত শিক্ষাপ্রতিষ্ঠান লন্ডন স্কুল অফ ইকনমিক্সেও ভারত-বিরোধিতার অভিযোগ উঠল

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মারাত্মক ভারত-বিরোধী প্রচারের অভিযোগ আনলেন লন্ডন স্কুল অফ ইকনমিক্সে ছাত্র ইউনিয়নের জেনারেল সেক্রেটারি পদে প্রার্থী সত্যম সুরানা। তাঁর দাবি, ভারত ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে সমর্থন করেন বলেই তাঁর বিরুদ্ধে প্রচার শুরু হয়েছে। ভোটগ্রহণের ২৪ ঘণ্টা আগে থাকতে তাঁর বিরুদ্ধে ঘৃণামূলক প্রচার শুরু হয়। ২০২৩ সালের অক্টোবরে দেশপ্রেমের পরিচয় দেন সত্যম। লন্ডনে ভারতীয় দূতাবাসের বাইরে বিক্ষোভ দেখা গিয়েছিল খালিস্তানপন্থীরা। সেই সময় জাতীয় পতাকা হাতে তুলে নিয়ে তাদের মোকাবিলা করেন সত্যম। এবার তিনি লন্ডন স্কুল অফ ইকনমিক্সের ছাত্র ইউনিয়নের ভোটে জেনারেল সেক্রেটারি পদে প্রার্থী হয়েছেন। তাঁর অভিযোগ, ভারত ও প্রধানমন্ত্রী ছাড়াও বিজেপি, রাম মন্দিরের পক্ষে প্রকাশ্যে মুখ খোলাতেই বিরুদ্ধ প্রচারের মুখে পড়তে হয়েছে। ভারতের স্বপক্ষে লড়াই ছিল সত্যমের সোশ্যাল মিডিয়া পোস্টে সত্যম জানিয়েছেন, 'আমার পোস্টার ছিঁড়ে দেওয়া হয়, কালি লেপে দেওয়া হয়, আমার নামে কুৎসা রটানো হয়। ভোটগ্রহণের ২৪ ঘণ্টা আগে থাকতে আমাকে ইসলাম-বিরোধী, জাতিবিদ্বেষী, সন্ত্রাসবাদী, ফ্যাসিবাদী, সমকামী-বিরোধী বলে প্রচার শুরু হয়। আমাকে বিজেপি সদস্যও বলা হয়। ভারতের সার্বভৌমত্বকে খাটো করার চেষ্টাও হয়। আমার সাফল্যে ঈর্ষান্বিত হয়েই এই প্রচার করা হয়।' সোশ্যাল মিডিয়া পোস্টে সত্যম অভিযোগ করেছেন, 'এখন অনেকে ভারত-বিরোধী হয়ে উঠেছে। কারণ, তারা মোদী-বিরোধী। তারা আমাকে হেনস্থা করার চেষ্টা করেছে। আমার প্রার্থীপদ বাতিল করে দেওয়া হয়। আমাকে গালিগালাজ করা হয়। কারণ, আমি প্রধানমন্ত্রী মোদীকে সমর্থন করেছি। আমি বিজেপি-কে সমর্থন করেছি। রাম মন্দির যখন তৈরি করা হয়, তখন আমি সত্যি কথা বলেছি। প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্বে ভারত যে উন্নতি করছে, তাকে সমর্থন করেছি আমি। আমি সন্ত্রাসবাদের বিরুদ্ধে কথা বলেছি। আমি ভারতের পক্ষে কথা বলেছি।'

## এমপি আনার হত্যা, যা বললেন মমতা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পশ্চিমবঙ্গের হকার সমস্যা নিরসনে রাজ্যের সচিবালয় নবান্নে মুখ্যমন্ত্রী মমতার ব্যানার্জির ডাকা বৈঠকে উঠলো ঝিনাইদহ-৪ আসনের এমপি আনোয়ারুল আজিম আনার হত্যা প্রসঙ্গ। তার অভিমত বাইরের লোক অর্থ দিয়ে কলকাতাসহ রাজ্যের যত্রতত্র বসে যাওয়ার কারণে একদিকে যেমন গাড়ি চলাচল করতে পারছে না, দুর্ঘটনা ঘটছে, শহরের গতি কমছে, সেই সাথে রাজ্যের আইডেন্টিটিও নষ্ট হচ্ছে। ফলে কে জেনুইন লোক সেটা ধরা যাচ্ছে না। তার ফলে রাজ্যের সেফটি এবং সিকিউরিটিও ব্যাহত হওয়ার আশঙ্কা থাকছে। এপ্রসঙ্গে তিনি বলেন 'এই তো দেখলেন, কিছুদিন আগে বাংলাদেশের একজন এমপি, কিভাবে তাকে নিয়ে এসে প্ল্যান করে খুন করল।' তার স্পষ্ট বক্তব্য রাজ্যের সেফটি এন্ড সিকিউরিটি নিশ্চিত করাটাই রাজ্যের প্রশাসনিক প্রধান হিসেবে তার একমাত্র লক্ষ্য। আর সেই লক্ষ্যেই পশ্চিমবঙ্গের যত্রতত্র হকার বসতে না দেওয়ার চিন্তাভাবনা নিয়েছে রাজ্য সরকার। বৃহস্পতিবার রাজ্য সরকারের সচিবালয় নবান্নে হকার সমস্যার সমাধানের বৈঠকে বসেন মুখ্যমন্ত্রী উপস্থিত ছিলেন কলকাতার মেয়র ফিরহাদ হাকিম সহ রাজ্যের একাধিক মন্ত্রী, কলকাতার পুলিশ কমিশনার, প্রতিটি জেলার জেলাশাসক, পুলিশ সুপার, নিউমার্কেটসহ কলকাতার বিভিন্ন হকার্স অ্যাসোসিয়েশন, বাজার কমিটির কর্মকর্তারা। এসময় তিনি বলেন 'লাখ লাখ লোক আসে চিড়িয়াখানায়। আমাকে তো সেফটি এবং সিকিউরিটিটাও দেখতে হবে। সবাই যে আসল লোক সেটা আপনি কি করে জানলেন? এই তো দেখলেন, কিছুদিন আগে বাংলাদেশের একজন এমপি, কিভাবে তাকে নিয়ে এসে প্ল্যান করে খুন করল। খড়গপুরে গুলি চালিয়ে দিয়ে চলে গেল। এক্ষেত্রে আমি পুলিশও পরিবর্তন করতে পারছি না। কারণ বছরের প্রতিদিনই প্রায় নির্বাচন। সিস্টেমটাকেই ব্রেক করে দিচ্ছে।' কলকাতার গ্র্যান্ড হোটেলের আর্কেডের হকার সমস্যা তুলে ধরে মমতা বলেন 'কেউ যদি মনে করেন গ্র্যান্ডের সামনেই বসবো, তা চলবে না। ওখানে বড় বড় তারকারা আসেন। অনেক ভিআইপি আসেন। তারপর কিছু হলে দেখবেন এরাই কিছু করে কেন্দ্রীয় তদন্তকারী এজেন্সি এনআইএ পাঠাবে।' উল্লেখ্য, গত ১৩ মে সঞ্জীবা গার্ডেনে এমপি আনারকে হত্যা করা হয়েছিল বলে অভিযোগ। জঘন্য হত্যাকাণ্ডের মূল পরিকল্পনাকারী বাংলাদেশ বংশোদ্ভূত মার্কিন নাগরিক আখতারুজ্জামান শাহীনের নির্দেশেই এই হত্যাকাণ্ড হয় বলে জানা যায়। মূলত আখতারুজ্জামানের নির্দেশেই কসাই জিহাদসহ ৪ জন আনারকে ওই আবাসনে শ্বাসরোধ করে হত্যা করে বলে অভিযোগ।

## অভিযোগ, দরজার আড়ালে শিশুটিকে 'নিগ্রহ' করেন ইয়েদুরাপ্পা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অভিযোগ, সেই অভিযোগ শোনার নামে তাঁকে ঘরে ঢুকিয়ে দরজা বন্ধ করে দেন কর্নাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী। পুলিশকে ওই বালিকার মা জানিয়েছেন, দরজার আড়ালে শিশুটিকে 'নিগ্রহ' করেন ইয়েদুরাপ্পা। পরে শিশুটির হাতে টাকাও গুঁজে দেন তিনি।শিশুটির মায়ের অভিযোগ, ঘরের ভিতরে মেয়েটিকে ইয়েদুরাপ্পা জিজ্ঞাসা করেন, যিনি তাকে ধর্ষণ করেছেন, তাঁকে সে দেখলে চিনতে পারবে কি না। জবাবে মেয়েটি জানিয়েছিল, সে চিনতে পারবে। কিন্তু ওই জবাব সম্ভবত পছন্দ হয়নি বিজেপি নেতার। শোনামাত্র তিনি মেয়েটিকে ধাক্কা মারেন এবং শারীরিক নির্যাতন করেন। পরে ঘর থেকে বেরনোর সময় মেয়েটির হাতে টাকা গুঁজে দেন। আরও পরে তার মাকেও টাকা দেন ইয়েদুরাপ্পা।

পুলিশের চার্জশিটে বলা হয়েছে, এর পরে ফেসবুকে ওই ঘটনার ভিডিয়ো প্রকাশ্যে আসার পরে গত ২০ ফেব্রুয়ারি ইয়েদুরাপ্পা মেয়েটির মাকে ডেকে পাঠিয়ে ওই ভিডিয়ো মুছে ফেলতে বলেন। ২ লক্ষ টাকাও দেন। গত মার্চ মাসে ৮১ বছরের ইয়েদুরাপ্পার বিরুদ্ধে পকসো আইনে মামলা করেন ওই মহিলা।কর্নাটকের বিজেপি নেতা তথা রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে পুলিশের চার্জশিটের ছত্রে ছত্রে লেখা রয়েছে এই ঘটনার বিবরণ।

পকসো মামলায় অভিযুক্ত ইয়েদুরাপ্পা শুক্রবারেই কর্নাটক হাই কোর্টে গিয়েছেন পকসো আইন প্রত্যাহারের আর্জি নিয়ে। আবার শুক্রবারেই বিশেষ আদালতে ইয়েদুরাপ্পার বিরুদ্ধে চার্জশিট পেশ করেছে পুলিশ। সেই চার্জশিটের বয়ানেই প্রকাশ্যে এসেছে নির্যাতিতার মায়ের কথায় ঘটনার বিবরণ। তাতে বলা হয়েছে, ইয়েদুরাপ্পা বাঁ'হাতে ওই বালিকার ডান হাতটি ধরে টানতে টানতে মিটিং রুমে নিয়ে যান। যে ঘরে মেয়েটি মায়ের সঙ্গে এসে বিজেপি নেতার সঙ্গে দেখা করেছিলেন, সেই ঘরের লাগোয়া মিটিং রুমটি। ঘরে ঢুকে ভিতর থেকে দরজা বন্ধ করে দেন ইয়েদুরাপ্পা।

## দিল্লিতে অমিত শাহের সঙ্গে বৈঠকে বসেন কোচবিহার অনন্ত মহারাজ






**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে সাক্ষাতের ন'দিনের মাথায় বুধবার দিল্লিতে অমিত শাহের সঙ্গে বৈঠকে বসেন কোচবিহার অনন্ত মহারাজ। তার ঠিক দু'দিন পরে শুক্রবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে বৈঠক করলেন বিজেপির রাজ্যসভা সাংসদ। তবে কী নিয়ে পর পর দুই বৈঠক, তা নিয়ে কিছু বলতে রাজি নয় তিনি। প্রসঙ্গত, অনন্তের 'খাস' এলাকা কোচবিহারে এ বার হেরেছে বিজেপি। অনন্তকে পাশে নিয়ে ২০১৯ সালে ৫৪ হাজার ভোটে জয়ী নিশীথ প্রামাণিক হেরেছেন ৩৯ হাজারের ব্যবধানে। ভোটের প্রচারে অনন্তকে দেখাও যায়নি। আর ভোটপর্ব মিটতেই মমতার সঙ্গে সাক্ষাৎ নিয়ে নানা প্রশ্ন ওঠে। তবে সে সবকে যে তিনি গুরুত্বই দিচ্ছেন না বলে জানান অনন্ত। পৃথক রাজ্য নিয়েই বিজেপি তথা কেন্দ্রীয় সরকারের দুই প্রধান মোদী ও শাহের সঙ্গে কথা হয়েছে কি না, সে প্রশ্নেরও উত্তর দিতে চাননি অনন্ত।বৈঠকের কথা স্বীকার করে অনন্ত বলেন, "দু'জনের সঙ্গেই সৌজন্যমূলক সাক্ষাৎ হয়েছে। আর যে বিষয়েই আলোচনা হয়ে থাকুক সেটা সফল হয়েছে।''প্রসঙ্গত, কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস দুর্ঘটনায় আহতদের দেখতে শিলিগুড়ি যাওয়ার পরে সেখান থেকে কোচবিহারে যান মমতা। গত ১৮ জুন কোচবিহারে মদনমোহন মন্দিরে পুজো দিয়েই মমতা যান চকচকায়। সেখানেই বাড়ি অনন্তের। মমতাকে স্বাগত জানাতে অনন্ত রাজবংশী উত্তরীয় আর ঐতিহ্যবাহী গুয়াপান দেন মুখ্যমন্ত্রীর হাতে। এর পরেই নানা জল্পনা তৈরি হয়। বিজেপি এমন আশঙ্কাও করে যে, অনন্ত তৃণমূলে চলে যেতে পারেন। ২১ জুলাই তৃণমূলের 'শহিদ দিবস' পালন মঞ্চে অনন্তকে দেখা যেতে পারে বলেও জল্পনা তৈরি হয়। এ দিন সেই জল্পনা উড়িয়ে দিয়ে অনন্ত বলেন, "এ সব জল্পনার কোনও উত্তর হয় না। রাজ্যের মুখ্যমন্ত্রী আমার বাড়িতে গিয়েছিলেন। আমি স্বাগত জানিয়েছি। এর বেশি তো কিছু নয়।" একই সঙ্গে শাহ ও মোদীর সঙ্গে সাক্ষাৎ নিয়ে তিনি বলেন, "আমি দেশের প্রধানমন্ত্রী এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে দেখা করেছি। এক জন বিজেপি কর্মী এবং সাংসদ হিসাবে এতে নতুন কী রয়েছে? এর সঙ্গে মুখ্যমন্ত্রীর আমার বাড়িতে যাওয়ার কোনও সম্পর্কই নেই।" একই সঙ্গে তিনি প্রশ্নের সুরে বলেন, "একুশে জুলাই তৃণমূলের কর্মসূচিতে আমি যেতে যাব কেন?"

প্রসঙ্গত, লোকসভা নির্বাচনের আগে আগে অনন্তের ইন্ধনে 'পৃথক রাজ্য না হলে বিজেপিকে ভোট নয়' কোচবিহারে এমন প্রচার শুরু হয়েছে বলে অভিযোগ উঠেছিল। তার প্রেক্ষিতে শাহ ফোন করেন, অনন্তকে 'ধমক' দিয়ে ওই প্রচার বন্ধ করতে বলেন। সেই সময়েই অনন্ত বাজেট অধিবেশনের অবসরে শাহের সঙ্গে দেখা করার কথা জানিয়েছিলেন। তিনি বলেছিলেন, ''এখানকার মানুষ পৃথক রাজ্যের দাবি নিয়ে ক্ষুব্ধ। বাজেট অধিবেশনের সময়েই আমি শাহের সঙ্গে দেখা করে বিষয়টা উত্থাপন করেছিলাম। তখন উনি বিষয়টা দেখবেন বলে জানান। কিন্তু তার পরে এখনও পর্যন্ত কিছু হয়নি। এটা নিয়ে কারও মধ্যে ক্ষোভ জন্মেছে বা ভোট বয়কটের ডাক উঠেছে বলে আমি শুনিনি। সেটা হলেও আমার সঙ্গে তার কোনও যোগাযোগ নেই। শাহ আমাকে প্রচার বন্ধ করতে বলছেন। কিন্তু আমি যেটা জানিই না, সেটা বন্ধ করব কী করে?"




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ১৭৬ সংখ্যা ২৯ জুন, ২০২৪ শনিবার ১৪ আষাঢ়, ১৪৩১

## সম্পাদকীয়

# বাবার মৃত্যুর সংশয়পত্র নকল করে গ্রেফতার ভারতীয় ছাত্র

কী কাণ্ড! বর্তমানে অনেক পড়ুয়াই উচ্চশিক্ষার জন্যে স্কলারশিপ বা বৃত্তি নিয়ে থাকে। অর্থাৎ সরকার প্রদত্ত সেই স্কলারশিপের টাকা দিয়ে পড়াশোনা শেষ করে। কিন্তু এবার সেই পূর্ণবৃত্তি নিয়েই প্রতারণা। সম্প্রতি মার্কিন যুক্তরাষ্ট্রে এমনই একটি ঘটনা ঘটল। পূর্ণবৃত্তি পাওয়ার জন্যে নথিপত্র জাল করার দায়ে মার্কিন যুক্তরাষ্ট্রে গ্রেফতার হল একজন ভারতীয় ছাত্র।

তবে এই অভিযোগের ভিত্তিতে আনন্দকে দুই মাস আগে গ্রেফতার করা হয়েছিল। তবে এখন শোনা যাচ্ছে, তিনি জালিয়াতি এবং পরিষেবা চুরির অপরাধের জন্য ২০ বছরের কারাদণ্ডের সম্মুখীন হতে চলেছেন। তবে বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাদের অনুরোধে তাঁকে বহিষ্কার করে ভারতে পাঠানো হয়েছে। লেহাই ইউনিভার্সিটি, একটি বিবৃতিতে বলেছে, "আমরা প্রতিবেদন এবং পুঙ্খানুপুঙ্খ তদন্তের প্রশংসা করি যা এই বিষয়টিকে প্রকাশ করেছে।" মাইকেল ওয়েইনার্ট, নর্থহ্যাম্পটন কাউন্টি সহকারী উঅ, ব্যাখ্যা করেছেন কিভাবে জবফফরঃ মডারেটর আনন্দকে খবযরময বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সংযুক্ত করেছিলেন। মিস্টার ওয়েনার্ট লেহাই ইউনিভার্সিটির পুঙ্খানুপুঙ্খ তদন্তের প্রশংসা করে বলেছেন, "তথ্য যাচাই করা চ্যালেঞ্জিং ছিল, কিন্তু লেহি এবং তাদের পুলিশ বাহিনী গভীর খনন এবং সত্য উন্মোচনের জন্য একটি চমৎকার কাজ করেছে।"এবং বিষয়টি সামনে আসার পরেই ওই ছাত্রটিকে জেলে নির্বাসিত করা হয়েছে। ভারতীয় ছাত্রটির নাম আরিয়ান আনন্দ। যিনি পেনসিলভানিয়ার লেহাই ইউনিভার্সিটির একজন ছাত্র ছিলেন। বিষয়টি জানা গিয়েছে একটি রেডডিট পোস্টে। যদিও পোস্টটি মুছে ফেলা হয়েছে। সেখানে ছাত্রটি নিজেই পোস্ট করেছিলেন যে, মিথ্যা দিয়েই তিনি কেরিয়ার গড়ে তুলেছেন। যাতে সে গর্বিত বোধ করেন। পোস্টটি ভাইরাল হওয়ার পর থেকেই বিতর্ক তুঙ্গে ওঠে।পোস্টে আনন্দ একটি চমকপ্রদ স্বীকারোক্তিতে বলেছেন যে, কীভাবে তিনি তাঁর দশম ক্লাসের বোর্ড পরীক্ষার ফলাফল জাল করেছিলেন। আর এই জাল নথির সাহায্য নিয়েই তিনি সম্পূর্ণ বৃত্তি পান। এবং যার সাহায্যে তিনি মার্কিন কলেজে ভর্তি হওয়ার সুযোগ পান। এমনকী তিনি তাঁর নথিতে জীবিত বাবাকেও মেরে ফেলেছিলেন। কারণ তিনি বৃত্তি পাওয়ার জন্যে বাবার মৃত্যু শংসাপত্রও জাহির করেছিলেন। এরপর সফলভাবে কলেজে প্রবেশ করার পর, ১৯ বছর-বয়সী আনন্দ স্বীকার করেছে যে, সে তাঁর পড়াশোনার প্রতি আগ্রহ হারিয়েছে। কারণ সে এখন মদ্যপ আসক্ত। পড়াশোনাতে মন নেই। তাই তাঁর বৃত্তি বজায় রাখার জন্য পরীক্ষায় প্রতারণা করেছে। টাকা রোজগারের জন্য জাল ইন্টার্নশিপও তৈরি করেছিলেন।

## হুগলির শেওড়াফুলি ষ্টেশনে

# রেল থেকে পরে পা কাটা গেল যাত্রীর

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : শুক্রবার সকাল ৯.৩০ মিনিট মাতৃভূমি লোকালে উঠতে গিয়ে পা কাটা গেল রেল যাত্রীর, দুর্ঘটনাটি ঘটে শেওড়াফুলি জংশন স্টেশনে। ভিড়ের চাপে পা পিছলে ট্রেনের তলায় পরে যায় এক যুবক, বয়স আনুমানিক ৩২ বছর। ব্যান্ডেল হাওড়া লেডিস স্পেশালে ঘটনাটি ঘটেছে বলে রেল সুত্রের খবর । প্রত্যক্ষদর্শীরা জানান দূর্ঘটনা গ□স্থ ব্যক্তির মাথার এক দিক থেঁতো হয়ে গেছে, ডান পায়ের গোড়ালি কাটা গেছে। জিআরপি তৎপরতার সঙ্গে তড়িঘড়ি যুবকটি কে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়। শেষ পাওয়া খবর অনুযায়ী দেহ ক্ষত বিক্ষত হলেও শরীরে প্রাণ আছে, তবে নাম পরিচয় এখনো পাওয়া যায়নি সূত্রের খবর।

## বিপদে পড়লে স্মরণ করো রক্ষা করবে ব্রহ্মচারী বাবা লোকনাথ



-: মৃত্যুঞ্জয় সরদার :-

পিতা সন্তানকে আর বাঁচানোর আশা না দেখে; বাবা লোকনাথের আশ্রমে ছেলেকে দান করে যান। বাবা জানকীনাথকে বারদী আশ্রমের দেখাশুনার দায়িত্ব প্রদান করেন। গুরুকৃপায় জানকীনাথ ব্রহ্মচারী এক উচ্চ সাধক হিসাবে প্রতিষ্টিত হন। বাবার নয়নের মনি ছিলেন তিনি, অসম্ভব স্নেহ করতেন জানকীনাথকে। বাবা লোকনাথের সমাধির পাশেই সমাধিস্থ হন জানকীনাথ ব্রহ্মচারী। **ক্রমশঃ**

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# আজকের সাংবাদিকতার ভবিষ্যৎ কী



মৃত্যুঞ্জয় সরদার

(শেষ পর্ব)

মাধ্যমকে অনেক ক্ষেত্রে সংবাদের উৎস বা সূত্র ভাবা যেতে পারে, কিন্তু পরিপূর্ণ এবং প্রশ্নাতীতভাবে ঠিক খবরের পরিবেশক ভাবা কখনোই ঠিক নয়। আধুনিক এই যুগে আমরা সবাই কম বেশি পেপার পড়ি। অনলাইন, প্রিন্টের দুনিয়াতে নানা খবরাখবরের সাথে আমরা আপডেটেড থাকি সংবাদকর্মীদের কল্যাণে। সংবাদকর্মীরা প্রতিনিয়ত ব্যস্ত থাকেন আমাদের জন্য সংবাদ সংগ্রহে। এটাই মূলত তাদের নেশা ও পেশা। ঘটনাপ্রবাহ ও ফিচার এমনভাবে লিখতে হয় যাতে পাঠক একবার পড়লেই পুরো ব্যাপারে সুস্পষ্ট ধারণা পান। এ জন্য যা করতে হবে তা হলো রিসার্চ। যে বিষয় বা ঘটনা নিয়ে লিখবেন, ঐ বিষয়টি গুগল করুন। আপনার সামনে আসবে আসবে হাজার হাজার তথ্য। নিজের প্রয়োজন মত তথ্যাদি সংগ্রহ করুন ও তা প্রয়োগ করুন লেখার সময়।

ফিচার রাইটার (যারা পেপার / পত্র পত্রিকার জন্য খবর সংগ্রহ করেন তা লেখেন প্রকাশের জন্য) টেলিভিশন সাংবাদিকতা (যেখানে মাইক্রোফোন আর ক্যামেরা হাতে সাংবাদিক ও তার দল চলে যান খবর সংগ্রহে যা আমরা পরবর্তীতে টিভি খবরে দেখতে পাই) ফটোজার্নালিস্ট (এই ব্যক্তি সাংবাদিক তবে খবর সংগ্রহের না, ছবি সংগ্রহের। ভারতবর্ষের এমনকি বিশ্বে কোথায় কি হচ্ছে তার সাথে আপটু ডেট থাকা ও দরকারে ক্যামেরা নিয়ে ছবি তোলা ও ভিডিও করা এ ধরনের সাংবাদিক এর কাজ) প্রথমেই খেয়াল রাখতে হবে আপনি কোন বিষয়ের উপর আর্টিকেল লিখবেন। যদি কোন সাম্প্রতিক ঘটনা বা ইস্যু নিয়ে লিখতে চান তবে আপনাকে কিছু প্রশ্নের উত্তর জানতে হবে-

- ঘটনার সাথে কারা কারা জড়িত আছে

- কোথায় ঘটেছে ঘটনাটি, কেন ঘটেছে

- কবে ঘটেছে ( দিন, তারিখ, সময়) -কিভাবে ঘটলো, সূত্রপাত, ঘটনাপ্রবাহ ও বিস্তারিত ঘটনা ঘটার সময়ে আশে পাশে থাকা বক্তা / একাধিক বক্তার মন্তব্য! বড় বড় সংবাদ সংগ্রহকারী ওয়েবসাইট আছে যার সারাবিশ্বের সংবাদ মুহূর্তের মধ্যে সংগ্রহ করার কাজে নিয়োজিত যেমন, রয়টার্স, বিবিসি, সিএন এন ইত্যাদি। এদের ওয়েবসাইট ব্যবহার করে সংবাদ তৈরী করতে পারেন। নিয়মিত পেপার, টেলিভিশনের সাথে আপ-টু-ডেট থাকা আপনার জ্ঞানকে বাড়িয়ে তুলবে রিসার্চ এর ব্যাপারে। একজন ভালো সংবাদকর্মী হতে হলে আপনাকে অবশ্যই গবেষণা ও রিসার্চ করতে হবে ও যে কোন বিষয়ে সাধারণ জনগণের চেয়ে বেশি জানতে হবে। সবকিছুর মূলে রয়েছে সংবাদ পত্রিকা বা সংবাদ সংস্থা বা সংবাদ পরিবেশন করার যে মাধ্যম সেই মাধ্যমকে আজকের দিনে বাঁচিয়ে রাখাটা কঠিন পরিস্থিতি তৈরি হয়েছে। সংবাদ প্রতিষ্ঠা কে এক শ্রেণীর রাজনৈতিক নেতারা গলাটিপে হত্যা করার চেষ্টা করছে অন্যদিকে তেল খচ্চর নামে পকেট মানি দিয়ে সাংবাদিকদেরকে অসৎ পথে নিয়ে যাচ্ছে, সব সাংবাদিকরা সংবাদমাধ্যমের মালিকদের কারীদে তেমনি অর্থ পাচ্ছে না কেন মালিকরা নিজেদের সংসার চালাতে হিমশিম খাচ্ছে বর্তমান পরিস্থিতিতে দাঁড়িয়ে। তারা না পাচ্ছে কেন্দ্রীয় সরকারের বিজ্ঞাপন না পাচ্ছে রাজ্য সরকারের বিজ্ঞাপন না অসৎ পথে উপায়। তাহলে সংবাদসংস্থার কর্মচারীদের মাইনে কিভাবে তারা দেবে এ নিয়ে দিনের পর দিন ভুগছে মালিকপক্ষ। আর এই কারনেই বর্তমান পরিস্থিতিতে হাজার-হাজার কাগজ বিলুপ্তির পথে চলে গিয়েছে। সাংবাদিকরা বেঁচে থাকলে যে প্রতিষ্ঠান বেঁচে থাকবে এটা সত্য নয়। প্রতিষ্ঠান বেঁচে থাকলে সাংবাদিকরা বেঁচে থাকবে, যুগে উল্টোটাই হচ্ছে সাংবাদিকরা লোকাল থেকে লক্ষ লক্ষ টাকা ইনকাম করছে অথচ কাগজের মালিকের কাছে বা প্রতিষ্ঠানের মালিকের কাছে সেই অর্থ পৌঁছাচ্ছে না। প্রতিষ্টান বাঁচিয়ে রাখার জন্য আজকের মালিকপক্ষ রাই চেষ্টা চালাচ্ছে লোকালে অর্থনৈতিক সাহায্য তুলে এনে প্রতিষ্ঠানকে বাঁচিয়ে কয়েক লক্ষ বেকার যুবক-যুবতীদের কর্মসংস্থান করার। কচু কেন্দ্রের মোদি সরকার কর্মসংস্থান তো দূরের কথা ছোট কাগজগুলো গলাটিপে হত্যা করছে সরকারি বিজ্ঞাপন না দিয়ে। এটা কি মোদি সরকারের দ্বিচারিতা নয়, মোদি সরকার বড় বড় কর্পোরেট হাউসকে সরকারি বিজ্ঞাপন দিয়ে নিজের ভাবমূর্তি স্বচ্ছ রেখেছে। অথচ প্রকৃত গ্রাম গঞ্জের সত্য কথা লেখা কাগজগুলো আদর্শ সাথে যারা তৈরি করছে সেই সব কাগজগুলো সরকারি বিজ্ঞাপন দেওয়া বন্ধ করে দিয়েছে এক প্রকার সত্য কন্ঠটা কে রোধ করে দিয়েছে। এটা কেন্দ্রীয় সরকারের দ্বিচারিতা বলে মনে করছে পশ্চিমবাংলার ছোট ছোট পত্রপত্রিকার মালিক সংবাদকর্মী ও সম্পাদকরা। আগামী দিনে এই ধরনের দ্বিচারিতা বন্ধ না হলে, তাহলে বিগত লোকসভা ভোটে তার প্রভাব পড়বে তেমনই ইঙ্গিত স্পষ্ট গ্রামগঞ্জের ছোট পত্রপত্রিকার কর্মী সংগঠনের মুখে প্রকাশ পাচ্ছে। এসমস্ত কাগজের যদি কেন্দ্রীয় সরকার তাদের পাশে থেকে সরকারি বিজ্ঞাপন দিয়ে অর্থ সাহায্য করে বাঁচিয়ে রাখে, তাহলে আগামী দিনের কেন্দ্রীয় সরকারের ভাবমূর্তি উজ্জ্বল হবে বলে ইঙ্গিত স্পষ্ট।

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## মেডিকেল ভর্তি পরীক্ষার প্রশ্ন ফাঁস ইস্যুতে উত্তাল ভারতীয় লোকসভা!

# ২৪ লাখ প্রতারিত শিক্ষার্থীর পক্ষে সরব ইন্ডিয়া জোট



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : নিট ইস্যু নিয়ে উত্তাল ভারতের লোকসভা ভবন। মেডিকেল ভর্তি পরীক্ষার প্রশ্ন ফাঁস ও নম্বরের কেলেঙ্কারি নিয়ে আলোচনার দাবিতে ক্ষোভ প্রকাশ করেছে বিরোধী। হই-হট্টগোলে উত্তাল হয়ে উঠে লোকসভা। এর জেরে প্রথমে বেলা ১২টা তারপর গোটা দিনের জন্যই অধিবেশন মুলতুবি করে দেন স্পিকার ওম বিড়লা। এই মর্মে সকাল থেকেই বিক্ষোভ দেখান লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী। বিরোধী দলনেতা রাহুল বলেন, বিরোধীরা চেয়েছিল দেশের যুবসমাজের উদ্দেশে সরকার এবং বিরোধীদের একটি যুগ্ম বার্তা যাক। কিন্তু, নরেন্দ্র মোদির সরকার সেটা চায়নি। এমনকী নিট নিয়ে বলতে গেলে রাহুলের মাইক বন্ধ করে দেওয়া হয় বলেও অভিযোগ কংগ্রেসের। বিরোধীরা যে ২৪ লাখ ভর্তি পরীক্ষার্থীর পক্ষে সংসদে আওয়াজ তুলতে চায়, সেটা অধিবেশন শুরুর আগেই জানিয়ে দিয়েছিলেন তৃণমূলের রাজ্যসভার দলনেতা ডেরেক ও'ব্রায়েন। গত ২৪ জুন নিটের প্রশ্নফাঁস নিয়ে দেশব্যাপী আন্দোলনের মাঝেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে চিঠি দেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। প্রধানমন্ত্রীর কাছে মমতা দাবি জানান, মেডিকেল ভর্তি পরীক্ষায় ফেরানো হোক পুরানো পদ্ধতি।

সর্বভারতীয় ক্ষেত্রে নিট বাতিল করে আগের মতোই হোক রাজ্যভিত্তিক জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা।

বিরোধীদের দাবি, এই মুহূর্তে দেশের সবচেয়ে জ্বলন্ত ইস্যু নিট পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস কেলেঙ্কারি। এর সঙ্গে জড়িয়ে পরীক্ষার্থীদের ভবিষ্যৎ। ফলে অন্য সব এজেন্ডার আগে নিট ইস্যুতে আলোচনা প্রয়োজন সংসদে। সরকার পক্ষ তা মানতে না চাওয়ায় শেষ পর্যন্ত বিক্ষোভ শুরু করে ইন্ডিয়া জোট। এদিন নিট ইস্যুতে সংসদের দুই কক্ষেই মুলতবি প্রস্তাব আনা হয় বিরোধী সংসদ সদস্যদের পক্ষ থেকে। কিন্তু, স্পিকার ওম বিড়লা জানিয়ে দেন, প্রেসিডেন্টের ভাষণ নিয়ে আলোচনার আগে মুলতবি প্রস্তাব গ্রহণ করা যাবে না। একইসঙ্গে নিট নিয়ে আলোচনার দাবিও খারিজ করে দেন তিনি। ইন্ডিয়া জোটের পক্ষে রাহুল গান্ধী স্পিকার ওম বিড়লার কাছে নিট ইস্যুতে আলোচনার অনুমতি চাইলেও স্পিকার মুলতবি প্রস্তাব গ্রহণ করেননি। যার জেরে বিক্ষোভ দেখান ইন্ডিয়া জোটের সংসদ সদস্যরা। তারপরই অধিবেশন মুলতবি করে দেওয়া হয়।

# সিনেমার খবর

## বিয়েতে কেমন সাজলেন সোনাক্ষী-জাহির



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউড আভিনেত্রী সোনাক্ষী সিনহা বিয়েতে কেমন সাজবেন তা নিয়ে একটা কৌতূহল ছিলই। বাকি বলিউড কনেদের মতোই সাজবেন সোনাক্ষী না কি আলাদা কোনো চমক থাকবে তার কনের সাজে, দিনভর নানা কল্পনায় ব্যস্ত ছিলেন তার ভক্তরা। অবশেষে সমস্ত জল্পনা-কল্পনার অবসান ঘটল। শ্বেতশুভ্র শাড়িতে কনের সাজে দেখা দিয়েছেন সোনাক্ষী।

নিজেকে আইভরি শাড়িতে সাজিয়েছেন সোনাক্ষী। খোঁপায় ফুলও গুঁজেছেন এই অভিনেত্রী। পাত্রীর সঙ্গে মিলিয়ে জহির সাদা রঙের পোশাক বেছে নিয়েছেন।ছবি: সোনাক্ষীর ফেসবুক থেকে নেয়া

বছর দুয়েক আগের এক বিয়েতেও কনের এমন 'সাদা'মাঠা সাজ দেখেছিল বলিউড। লাল, গোলাপি, কমলা লেহঙ্গার বদলে আইভরি রঙের অরগ্যাঞ্জা শাড়িতে সেজে রণবীর কাপূরের গলায় মালা দিয়েছিলেন আলিয়া ভাট। বিয়ের দিন উজ্জ্বল রঙের বসন ছেড়ে আলিয়ার এমন ছিমছাম সাজ নিয়ে চর্চা কম হয়নি। এবার খানিকটা সেই পথেই হাঁটলেন সোনাক্ষীও। জীবনের এমন বিশেষ দিনের জন্য সফেদ রং বেছে নিলেন।

নববধূর পরনে চিকনকারি নকশার অফহোয়াইট শাড়ি। শাড়ির সঙ্গে রং মিলিয়ে থ্রি কোয়ার্টার হাতা ব্লাউজ। গলায় চওড়া কুন্দনের নেকলেস। কানে ঝোলা দুল। খোঁপায় সাদা ফুল জড়ানো। দু'হাতে সোনালি চুড়ি। কপালে পাথরের ছোট্ট টিপ। হালকা মেকআপ। ছিমছাম সাজেই নতুন জীবনে প্রবেশ করলেন নায়িকা। সোনাক্ষী-জাহিরের সাত বছরের প্রেম পরিণতি পেল।

মুসলমান কিংবা হিন্দু-কোনো ধর্মীয় রীতিতে নয়, বিশেষ বিবাহ আইনে বিয়ে করেছেন তারা। বিয়েতে সোনাক্ষীর বাবা অভিনেতা-রাজনীতিবিদ শত্রুঘ্ন সিনহাসহ আরো অনেকে উপস্থিত ছিলেন। ছবি: সোনাক্ষীর ফেসবুক থেকে নেয়া

বিয়ের সন্ধ্যায় স্ত্রীর সাজের সঙ্গে যোগ্য সঙ্গত দিলেন জাহিরও। তিনিও সাজলেন সাদায়। ধবধবে সাদা চিকনকারির পাঞ্জাবি-পাজামায় বরবেশে প্রকাশ্যে এলেন জাহির। সইসাবুদের পর অর্ধাঙ্গিনীর হাতে চুম্বন এঁকে দিলেন জাহির। সোনাক্ষীও জাহিরকে আলিঙ্গন করে ভাসলেন আবেগে।

জাহিরের বাড়ি থেকেই পাঠানো হয়েছে সোনাক্ষীর বিয়ের সাজপোশাক। রাত ৮টা থেকে শুরু হয়েছে সোনাক্ষী-জাহিরের রিসেপশনের অনুষ্ঠানে। নিমন্ত্রিত অতিথিদের জন্যও রয়েছে বিশেষ 'ড্রেস কোড'। বিয়ের নিমন্ত্রণপত্রেই উল্লেখ করা হয়েছে, অতিথিরা যেন লাল রং ছেড়ে অন্য কোনো রঙের পোশাক পরেন।

## 'সফল নারীদের সমাজ ঘৃণা করে'



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** আলোচিত ইস্যুতে বিভিন্ন সময় মন্তব্য করে সব সময়ই ঠোঁটকাটা পরিচয় পেয়েছেন কঙ্গনা রানাওয়াত। এখন তিনি শুধু অভিনেত্রী নন; বিজেপি সংসদ সদস্যও। তাই তার প্রতিবাদের ভাষা এখন আরো কঠোর। সম্প্রতি এর প্রমাণ পাওয়া যায়- কঙ্গনা সম্পর্কে অভিনেতা অনু কাপুর যে ভাষায় কথা বলেছেন, তার বিরোধিতায় কঙ্গনার বক্তব্যেই।

এই মুহূর্তে অনু কাপুর তার নতুন ছবি 'হামারে বারাহ'-প্রচারে ব্যস্ত। সেই প্রচারেই কঙ্গনার চড়কাণ্ড নিয়ে তার প্রতিক্রিয়া জানতে চাওয়ায়, অনু কাপুর স্পষ্ট বললেন, কে কঙ্গনা? কোনও নায়িকা নাকি! সুন্দরী? সামাজিক মাধ্যমে অনু কাপুরকে একহাত নিয়ে কঙ্গনা লিখেন, আপনারা কি অনু কপুরজির সঙ্গে একমত? আমরা কি সবসময়ই একজন সফল নারীকে ঘৃণা করি? যদি তিনি সুন্দরী হন তবে তাকে আরো ঘৃণা করি? তিনি আরো বেশি শক্তিশালী হলে তাকে আরো বেশি ঘৃণা করি? এটাই কি সত্যি?

চণ্ডীগড় বিমানবন্দরে কঙ্গনা রানাউতকে চড় মেরেছিলেন নারী নিরাপত্তারক্ষী কুলবিন্দর কৌর। ঘটনার পর কয়েকদিন কেটে গেলেও বিতর্কের আঁচ একই রকম রয়ে গেছে। অভিনেত্রীর পাশে দাঁড়াতে দেখা গেছে করণ জোহর, ঋত্বিক রোশনের মতো বলি সেলিব্রিটিদের। তবে এবার সদ্য সাংসদ হওয়া অভিনেত্রীকে খোঁচা দিতে দেখা গেল একসময় তার সঙ্গে সিনেমায় অভিনয় করা স্বরা ভাস্করকে। তার মতে, কঙ্গনাকে চড় মারাটা ঠিক হয়নি। কিন্তু এবার দেশের বড় বড় সমস্যাগুলোর দিকে তাকানোর প্রয়োজন রয়েছে। পাশাপাশি তার দাবি, কঙ্গনা নিজে সোশাল মিডিয়ায় হিংসাকে সমর্থন করেছেন।

## কীভাবে মুক্তির আগেই ৪০০ কোটি আয় প্রভাসের 'কল্কি'র



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বাহুবলীখ্যাত তারকা প্রভাসের নতুন সিনেমা 'কল্কি' মুক্তি পাওয়ার কথা ছিল ৯ মে। কিন্তু ভারতের লোকসভা ভোটের জন্য পিছিয়ে যায় মুক্তির তারিখ। আগামী ২৭ জুন থেকে সিনেমা হলে দেখা যাবে ৬০০ কোটি বাজেটের সিনেমাটি।

ভারতীয় সংবাদমাধ্যমগুলোর খবর, মুক্তির আগেই নাকি ৬০০ কোটির সিংহভাগ ফেরত পাচ্ছেন প্রযোজকরা। মুক্তির আগেই প্রায় চারশো কোটি টাকা আয় করেছে সিনেমাটি।

২৭ জুন থেকে সিনেমা হলে দেখা যাবে প্রভাস, দীপিকা পাড়ুকোন, অমিতাভ বচ্চন, কমল হাসান অভিনীত এই ছবি। টিনসেল টাউনে জোর গুঞ্জন, মুক্তির আগেই ৩৯৪ কোটি টাকা আয় করে ফেলছে প্রভাসের 'কল্কি'। কিন্তু কীভাবে?



শোনা যাচ্ছে, অন্ধ্রপ্রদেশে বিক্রি হওয়া সিনেমার স্বত্ব থেকে ৮৫ কোটি রুপি আয় হয়েছে। কিছু স্বত্বের বিনিময়ে ২৭ কোটি টাকা পাওয়া গেছে। স্বত্ব মারফত আরও আয় হয়েছে ৭০ কোটি রুপি। ফলে অন্ধ্রপ্রদেশ টেকনোলজি সার্ভিস থেকে সিনেমাটির প্রযোজকরা এখনই পকেটে ভরেছেন ১৮২ কোটি রুপি।

একইভাবে স্বত্ব থেকে তামিলনাড়ু এবং কেরালায় 'কল্কি'র আয় ২২ কোটি রুপি। কর্ণাটক থেকে পাওয়া গেছে ৩০ কোটি রুপি। আর গোটা উত্তর ভারত থেকে ৮০ কোটি রুপির ব্যবসা করার প্রবল সম্ভাবনা রয়েছে।

বিদেশের স্বত্বের বিনিময়ে আরও ৮০ কোটি রুপি ধরা হচ্ছে। সব মিলিয়ে মুক্তির আগেই 'কল্কি ২৮৯৮ এডি'র আয়ের পরিমাণ দাঁড়াচ্ছে ৩৯৪ কোটি টাকা। এর পর আবার অগ্রিম বুকিংও রয়েছে।

নাগ অশ্বিন পরিচালিত সিনেমাটিতে আছে মহাভারতের যোগ। তার ওপর ভিত্তি করেই ভবিষ্যতের গল্প সাজিয়েছেন পরিচালক নাগ অশ্বিন। এই সিনেমার সুবাদেই দীর্ঘ ৩৮ বছর পর অমিতাভ বচ্চনের সঙ্গে স্ক্রিন শেয়ার করেছেন কমল হাসান। অশ্বথামার চরিত্রে অভিনয় করেছেন বিগ বি। আর কমল হাসান প্রধান খল চরিত্র সুপ্রিম ইয়াসকিন।

এছাড়াও ছবিতে রয়েছেন দক্ষিণী অভিনেতা ব্রহ্মানন্দম, পশুপতি, শোভনা। ভৈরবের ছায়াসঙ্গী বুজ্জির জন্য কণ্ঠ দিয়েছেন কীর্তি সুরেশ। আর সিনেমায় বাঙালির পাওনা কমান্ডার মানসের চরিত্রে শাশ্বত চট্টোপাধ্যায়।

## ৬টি বিলাসবহুল ফ্ল্যাট কিনেছেন অভিষেক



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মুম্বাইয়ে একসঙ্গে ছয়টি ফ্ল্যাট কিনেছেন অভিষেক বচ্চন। বোরিভালি ইস্টের ওয়েস্টার্ন এক্সপ্রেস হাইওয়ের কাছে একটি বহুতল ভবনের ৫৭ তলায় অভিষেকের কেনা ছয়টি ফ্ল্যাটের অবস্থান। গত ২৮ মে ফ্ল্যাট কেনার আইনি প্রক্রিয়া সম্পন্ন করেছেন তিনি। খবর- ইন্ডিয়া টুডের।

ইন্ডিয়া টুডের প্রতিবেদন থেকে জানা যায়, অভিষেকের কেনা বিলাসবহুল এসব ফ্ল্যাটের মূল্য ১৫ কোটি রুপির বেশি। এদিকে বলিউডে জোর গুঞ্জন চলছে, বচ্চন পরিবারে কিছু একটা চলছে। অভিষেক বচ্চন ও ঐশ্বরিয়া রাই দম্পতির সম্পর্কের সমীকরণটা মোটেও ভালো যাচ্ছে না। এই দম্পতির বিচ্ছেদ নাকি আসন্ন, সময়ের অপেক্ষামাত্র। পারিবারিক সম্পর্কের টানাপোড়েন এতটাই তুঙ্গে যে একমাত্র মেয়ে আরাধ্যকে নিয়ে মায়ের সঙ্গে থাকছেন ঐশ্বরিয়া। গুঞ্জনের মধ্যেই একটি অনুষ্ঠানে অভিষেকের হাতে বিয়ের আংটি দেখা যায়নি। শুধু তাই নয়, পুত্রবধূকে নাকি সামাজিক যোগাযোগমাধ্যম থেকে আনফলো করে দিয়েছেন অমিতাভ বচ্চন।

বলা চলে, বচ্চনদের অন্দরে ছেলে ও বউকে নিয়ে তৈরি হয়েছে জটিল পরিস্থিতি। যদিও বিবাহবার্ষিকীর দিনে স্বামী ও মেয়ের ছবি পোস্ট করে বিচ্ছেদের জল্পনায় পানি ঢেলেছেন ঐশ্বরিয়া। তবে এবার ঐশ্বরিয়া নন, একসঙ্গে ছয়টি ফ্ল্যাট কিনে গুঞ্জন তৈরি করেছেন অভিষেক নিজেই। অভিষেক কেন এসব ফ্ল্যাট কিনেছেন, তা নিয়েও জোর জল্পনা শুরু হয়েছে। বিষয়টি নিয়ে বচ্চন পরিবারের বক্তব্য এখনো সামনে আসেনি। এসব ফ্ল্যাটে স্ত্রী-সন্তানকে নিয়ে থাকবেন কি না, সেটিও এখনো স্পষ্ট নয়।

## শান্তর অধিনায়কতে
# হতভম্ব মাইকেল ভন!



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** প্রথমবারের মতো টি-২০ বিশ্বকাপের সেমিফাইনাল খেলার স্বপ্ন দেখেছিলেন নাজমুলরা। এজন্য ভারতকে হারাতেই হতো। শুধু হারালে হতো না, হারাতে হতো পরের ম্যাচে আফগানিস্তানকেও। তবে এবার আর সেমিফাইনাল খেলা হচ্ছে না টাইগারদের। সুপার এইটে ভারতের বিপক্ষে জীবনবাজির ম্যাচটি হেরেছে ৫০ রানে।

ভারতের বিপক্ষে সুপার এইটের গুরুত্বপূর্ণ লড়াইয়ে টস ভাগ্য পক্ষে পেয়েছে বাংলাদেশ। টস জিতে আগে ফিল্ডিং করার সিদ্ধান্ত নেন অধিনায়ক নাজমুল হোসেন শান্ত। এমনকি দুই স্পিনারকে দিয়ে বোলিংয়ের শুরু করে সবাইকে চমকে দেন শান্ত। যা দেখে বিস্মিত সাবেক ইংলিশ ক্রিকেটার মাইকেল ভন।

ভারতের বিপক্ষে এই ম্যাচে একাদশে একটি বদল এনেছে লাল সবুজের প্রতিনিধিরা। তাসকিন আহমেদের বদলে খেলানো হয়েছে জাকের আলি অনিককে। টস জিতে ফিল্ডিং নিয়ে শান্ত বলেন উইকেট দেখে তাদের ভালোই মনে হচ্ছে, ভারতকে ১৫০-১৬০ রানের মধ্যে আটকে রাখতে চান তারা। কিন্তু বাংলাদেশ যে ভুল সিদ্ধান্ত নিয়েছে, তা প্রমাণ করেছেন ভারতীয় ব্যাটাররা। স্কোরবোর্ডে ১৯৬ রান তুলেছে দলটি।

এক্স অ্যাকাউন্টে মাইকেল ভন লেখেন, 'দিনের বেলায় খেলা, তবুও টস জিতে বাংলাদেশ বোলিং নিয়েছে। স্পিন ভালো খেলে, এমন প্লেয়ারদের বিপক্ষে দুই স্পিনারকে দিয়ে শুরু করানো, সত্যিই অবিশ্বাস্য! যেখানে তারা বাঁহাতি বোলারের বিপক্ষে ভুগছে, সেখানে কেন মুস্তাফিজকে দিয়ে শুরু করানো হলো না। সত্যিইঅস্বাভাবিক।'

# ইতিহাসের পাতায় কোহলি



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** আন্তর্জাতিক ক্রিকেট আরো একটি মাইলফলক স্পর্শ করেছেন বিরাট কোহলি।

আন্তর্জাতিক ক্রিকেট আরো একটি মাইলফলক স্পর্শ করেছেন বিরাট কোহলি। শনিবার (২২ জুন) টি-টোয়েন্টি বিশ্বকাপে বাংলাদেশের বিরুদ্ধে ২৮ বলে ৩৭ রানের ইনিংস খেলে গড়লেন নতুন কীর্তি। বিশ্বের প্রথম ক্রিকেটার হিসেবে বিশ্বকাপে ৩০০০ রান পূর্ণ করেছেন তিনি।

বাংলাদেশের বিপক্ষে খেলতে নামার আগে কোহলির নামের পাশে ছিল ২ হাজার ৯৬৫ রান। স্যার ভিভিয়ান রিচার্ডস স্টেডিয়ামে ৩৭ করায় তার রানসংখ্যা এখন ৩ হাজার ২। এর মাধ্যমে ওয়ানডে ও টি-টোয়েন্টি বিশ্বকাপে প্রথম ক্রিকেটার হিসেবে ৩ হাজার রান করলেন তিনি।

দুই ফরম্যাটের বিশ্বকাপ মিলিয়ে ২ হাজার ৬৩৭ রান নিয়ে তার পরের অবস্থানে রয়েছেন রোহিত শর্মা, ওয়ানডে বিশ্বকাপে ১ হাজার ৫৭৫ ও টি-টোয়েন্টি বিশ্বকাপে ১ হাজার ৬২ রান করেছেন তিনি।

টি-টোয়েন্টি বিশ্বকাপের ইতিহাসে ৩২ ম্যাচে ১ হাজার ২০৭ রান করেছেন কোহলি। এই ফরম্যাটের বিশ্ব আসরে তিনিই সর্বোচ্চ রান সংগ্রাহক। ৬৩.৫২ গড়ে তার নামের পাশে রয়েছে ১৪টি অর্ধশতক। ২০১৪ এবং ২০১৬ সালের টি-টোয়েন্টি বিশ্বকাপের সেরা খেলোয়াড়ের পুরস্কারটিও নিজের করে নিয়েছিলেন কোহলি।

৫০ ওভারের ক্রিকেট বিশ্বকাপেও বেশ উজ্জ্বল কোহলির ব্যাট। এই ফরম্যাটে বিশ্বের দ্বিতীয় সর্বোচ্চ রান সংগ্রাহক কোহলি। ৩৭ ম্যাচে ব্যাট হাতে করেছেন ১ হাজার ৭৯৫ রান। এখানে ভারতের সাবেক কাপ্তানের গড় প্রায় ৬০ ছুঁই ছুঁই। ওয়ানডে বিশ্বকাপে কোহলি ৫টি শতক এবং ১২টি অর্ধশতক হাঁকিয়েছেন।

এবারের টি-টোয়েন্টি বিশ্বকাপের সূচনা থেকে রঙহীন কোহলির ব্যাট। শনিবার বাংলাদেশের মুখোমুখি হওয়ার আগে চার ম্যাচে কোহলির ব্যাট থেকে এসেছে মোটে ২৯ রান। যা তার নামের পাশে বড্ড বেমানান। রেকর্ড ভাঙাগড়ার নায়ক বাংলাদেশের বিপক্ষে রানে ফিরেই নতুন ইতিহাস গড়লেন।

# সম্পর্ক নিয়ে কটাক্ষের শিকার হয়েছিলেন চাহালের স্ত্রী



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ধনশ্রী বার্মা জনপ্রিয় ভারতীয় লেগ স্পিনার যুজবেন্দ্র চাহালের অর্ধাঙ্গিনী। তিনি পেশায় একজন চিকিৎসক। কিন্তু স্বপ্ন নৃত্যশিল্পী হওয়ার। ইতোমধ্যে স্বপ্নপূরণ করে নৃত্যশিল্পী হিসাবে নিজের পরিচিতি গড়ে তুলেছেনও তিনি। অনুগামীর সংখ্যাও প্রচুর। তবে সম্পর্ক নিয়ে কম কথা শুনতে হয়নি তাকে। সে কারণে সামাজিকমাধ্যম থেকেও কিছুদিনের বিরতি নিতে হয়েছিলো ধনশ্রী বার্মাকে।

১৯৯৬ সালের ২৭ সেপ্টেম্বরে দুবাইয়ে জন্ম ধনশ্রীর। বাবা-মা এবং ভাইয়ের সঙ্গে সেখানেই থাকতেন তিনি। শৈশবেই দুবাই থেকে মুম্বাই চলে আসেন ধনশ্রী।

মুম্বাই থেকে স্কুল এবং কলেজের পড়াশোনা শেষ করেন। ছোটবেলা থেকেই চিকিৎসক হওয়ার ইচ্ছা ছিলো ধনশ্রীর। স্কুলের গণ্ডি পার করার পর দন্তচিকিৎসা নিয়ে স্নাতক ডিগ্রি অর্জন করেন তিনি।

মুম্বাইয়ের একটি হাসপাতালে চিকিৎসক হিসাবে কাজ শুরু করেন ধনশ্রী। তার পর তিনি আরো একটি স্বপ্নপূরণের সিদ্ধান্ত নেন। মুম্বাইয়ের এক প্রখ্যাত কোরিয়োগ্রাফারের কাছে নাচ শিখতে শুরু করেন। নাচ শেখার পাশাপাশি সামাজিকমাধ্যমের পাতায় নিজের নাচের ভিডিয়োও আপলোড করেন তিনি। ধীরে ধীরে সামাজিকমাধ্যমে পরিচিতি তৈরি হয় তার।

দন্তচিকিৎসক ধনশ্রী হয়ে ওঠেন নৃত্যশিল্পী। নানা জায়গায় অনুষ্ঠান করতে শুরু করার পাশাপাশি নিজের একটি নৃত্য প্রশিক্ষণ কেন্দ্রও খুলেছেন তিনি। সেই সূত্রেই তার আলাপ হয় ভারতীয় লেগ স্পিনার যুজবেন্দ্র চাহালের সঙ্গে।

ক্রিকেট এবং নাচের মধ্যে দূরত্ব কয়েক যোজনের। তবে কোভিড মহামারির সময় সেই দূরত্ব ঘোচাতে চেয়েছিলেন চাহাল। ধনশ্রীর সঙ্গে চাহালের আলাপ হয় তাদের এক বন্ধুর মাধ্যমে।

কোভিড চলাকালীন নাচ শিখতে চেয়েছিলেন চাহাল। ধনশ্রীর কাছেই নাচের প্রশিক্ষণ নিতে শুরু করেন তিনি। ধনশ্রীর বিভিন্ন অনলাইন ওয়ার্কশপেও যোগ দিতেন চাহাল। সামাজিমাধ্যমে একে অপরের পোস্টের তলায় মন্তব্য করলেও তাদের সম্পর্ক নিয়ে লুকোচুরি খেলতেন দু'জনেই। চাহালের জন্মদিনে ধনশ্রী সামাজিমাধ্যমে জন্মদিনের শুভেচ্ছা জানান। ধীরে ধীরে সামাজিমাধ্যমেই ধনশ্রী এবং চাহাল তাদের ছবি পোস্ট করতে শুরু করেন। একসঙ্গে বাইরেও দেখা যেত তাদের। চাহালের ম্যাচ থাকলে গ্যালারিতে দেখা যেত ধনশ্রীকে।

২০২০ সালের ৮ আগস্ট চাহালের সঙ্গে আংটিবদলের কয়েক মাস পর ২২ ডিসেম্বর তাদের বিয়ে হয়।

বলিপাড়ার একাধিক তারকার সঙ্গে নাচের ভিডিয়ো করে সামাজিমাধ্যমে পোস্ট করেন ধনশ্রী। অপারশক্তি খুরানার সঙ্গে মিউজিক ভিডিয়োয় অভিনয়ও করতে দেখা গিয়েছে তাকে।

২০২৩ সালের এক দিনের বিশ্বকাপের 'থিম সং'-এর ভিডিয়োয় দেখা যায় ধনশ্রীকে। সেই ভিডিয়োয় ছিলেন বলি অভিনেতা রণবীর সিংহও।

সম্প্রতি ছোট পর্দায় নাচের একটি নামকরা রিয়্যালিটি শোয়ে প্রতিযোগী হিসাবে অংশগ্রহণ করেন ধনশ্রী। অন্তিম পর্বে প্রথম পাঁচ প্রতিযোগীর তালিকায় নামও লিখিয়ে ফেলেন তিনি। প্রতিযোগিতা শেষ হওয়ার পর একটি পার্টিতে কোরিয়োগ্রাফার প্রতীক উটেকরের সঙ্গে একটি ছবি তোলেন ধনশ্রী। সেই ছবি সামাজিমাধ্যমে পোস্ট করার পর থেকেই তাকে নিয়ে সমালোচনার ঝড় ওঠে।

নেটব্যবহারকারীদের অধিকাংশের দাবি, অন্য পুরুষের সঙ্গে এত ঘনিষ্ঠ ভাবে ছবি তুলে ভালো কাজ করেননি বিবাহিতা ধনশ্রী। এর ফলে চাহালের সঙ্গে সম্পর্কে চিড় ধরছে বলে মন্তব্য করেন অনেকে। এমনকি ধনশ্রীর চরিত্র নিয়েও প্রশ্ন তোলা হয়। অনবরত কটাক্ষের শিকার হয়ে সামাজিমাধ্যমে থেকে নিজেকে সরিয়ে নেন চাহালের স্ত্রী।

যদিও পরে সামাজিমাধ্যমে আবার সক্রিয় হতে দেখা যায় ধনশ্রীকে। সাময়িক বিরতি নেয়া প্রসঙ্গে একটি ভিডিয়ো পোস্ট করে ধনশ্রী বলেছিলেন, 'আমিও একজন মহিলা। আপনাদের মা, বোন, স্ত্রী, কন্যার মতোই। সামাজিমাধ্যমের দ্বারাই আমি আপনাদের বিনোদন দিই। বাক্‌স্বাধীনতা থাকলেও আমরা যাকে, যা খুশি বলতে পারি না। কোথাও লাগাম দেয়া প্রয়োজন। সহানুভূতিশীল হওয়া প্রয়োজন। সামাজিমাধ্যম ঘৃণা ছড়ানোর ক্ষেত্র নয়। আমায় যে ভাবে আক্রমণ করা হয়েছিলো, তার প্রভাব আমার কাছের মানুষের জীবনে পড়েছিলো। তাই আমি এই নেতিবাচক পরিবেশ থেকে কিছু দিনের বিরতি নিয়েছিলাম।'

এই প্রথমবার নয়, এর আগেও কটাক্ষের শিকার হয়েছিলেন ধনশ্রী। সামাজিমাধ্যমে নিজের নাম এবং পদবির পাশে চাহালের পদবিও যোগ করেছিলেন তিনি। কিন্তু সেই পদবি আবার সরিয়ে ফেলেছিলেন। নেটব্যবহারকারীদের অধিকাংশের দাবি, চাহালের সঙ্গে তার বিবাহবিচ্ছেদ হতে পারে। সে কারণেই পদবি সরিয়ে ফেলেছেন ধনশ্রী। চাহালের সঙ্গে তার বিবাহবিচ্ছেদের খবর আরো ছড়িয়ে পড়লে সামাজিমাধ্যমে সরব হন ধনশ্রী। এগুলো যে সবই রটনা, তা-ও জানিয়েছিলেন তিনি।

সামাজিমাধ্যম বেশ জনপ্রিয় ধনশ্রী। ইতোমধ্যেই ইনস্টাগ্রামের পাতায় তার অনুসারীর সংখ্যা ৬৩ লাখের গণ্ডি পেরিয়েছে। নিজস্ব একটি ইউটিউব চ্যানেলও রয়েছে তার।

অন্য দিকে, ভারতের প্রথম ক্রিকেটার হিসাবে এক নজির গড়েছেন চাহাল। আইপিএলের ইতিহাসে সর্বোচ্চ উইকেট সংগ্রাহক আগেই হয়েছেন তিনি। চলতি বছরে আইপিএল চলাকালীন দিল্লি ক্যাপিটালস এবং রাজস্থান রয়্যালস ম্যাচে ভারতের প্রথম বোলার হিসাবে টি-টোয়েন্টি ক্রিকেটে ৩৫০ উইকেটের মাইলফলক স্পর্শ করেছেন চাহাল। বিশ্বের একাদশতম বোলার হিসাবে এই নজির গড়েছেন তিনি।

## শেষ মুহূর্তের গোলে
# গ্রুপ চ্যাম্পিয়ন জার্মানি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** একের পর এক আক্রমণ করেও সাফল্য পাচ্ছিল না জার্মানি। বিপরীতে, প্রথমার্ধে গোলের জন্য এক শটেই বাজিমাত করে জয়ের পথে ছুটছিল সুইজারল্যান্ড। কিন্তু শেষ সময়ে পাল্টে যায় চিত্রনাট্য। নিকলাস ফুয়েলখুগের দারুণ হেডে ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপে গ্রুপ চ্যাম্পিয়ন হয় গত ৩ বারের শিরোপাজয়ীরা।

ফ্রাঙ্কফুর্টে রবিবার রাতে 'এ' গ্রুপের শেষ রাউন্ডের ম্যাচটি ১-১ গোলে ড্র হয়। ড্যান এনডোয়ে সুইজারল্যান্ডকে শুরুতে এগিয়ে নেয়ার পর যোগ করা সময়ে সমতা টানেন ফুয়েলখুগ। দুই জয় ও এক ড্রয়ে ৭ পয়েন্ট নিয়ে গ্রুপ সেরা হয় জার্মানি। এক জয় ও দুই ড্রয়ে ৫ পয়েন্ট নিয়ে গ্রুপ রানার্সআপ হয়ে নকআউট পর্ব নিশ্চিত করে সুইজারল্যান্ড।

পরের ধাপের টিকেট হাতের নাগালে থাকায়, রক্ষণাত্মক না হয়ে লড়াইটা উপভোগের ঘোষণা দেন সুইজারল্যান্ড কোচ। সে লক্ষ্যে শুরুটাও হয় তাদের দুর্দান্ত। প্রথম আধা ঘণ্টার মধ্যেই এগিয়ে যায় দল।

ম্যাচের শুরুটা যদিও অন্যরকম ছিল। শতভাগ সাফল্যে গ্রুপ সেরা হওয়ার লক্ষ্যে আক্রমণাত্মক ম্যাচ শুরু করে জার্মানি। ষোড়শ মিনিটে দূর থেকে হোবার্ত আনড্রিসের দারুণ শটে এগিয়ে যাওয়া উদযাপন শুরু করেন তারা। তবে খানিক পরই তাদের উল্লাস থেমে যায়, আনড্রিস জালে বল পাঠানোর আগে বক্সে জামাল মুসিয়ালা ফাউল করায় ভিএআরে মেলেনি গোল।

প্রতিপক্ষের টানা আক্রমণের চাপ সামলে গোলের জন্য প্রথম শটেই গোল আদায় করে নেয় সুইজারল্যান্ড। ২৮তম মিনিটে বাঁ দিক থেকে রেমো ফ্রয়ারের ৬ গজ বক্সের মুখে বাড়ানো ক্রসে নিখুঁত ভলিতে জালে বল পাঠান ড্যান এনডোয়ে।

গোলের পর প্রথমার্ধের বাকি সময়েও একের পর এক আক্রমণ করে যায় জার্মানি; কিন্তু গোলের জন্য ৭ শট নিয়েও কেউ কার্যকর হতে পারেননি। কেবল একটি শটেই লক্ষ্য ঠিক রাখতে পারেন তারা।

দ্বিতীয়ার্ধের পঞ্চম মিনিটে আরেকটি দারুণ সুযোগ তৈরি করে জার্মানি। ফ্লোরিয়ান ভিরৎজের থ্রু বল ধরে বক্সের মুখ থেকে মুসিয়ালার জোরাল শট সহজেই ঠেকান ইয়ান সমের।

একচেটিয়া চাপ ধরে রেখে ৭০তম মিনিটে আবারো প্রতিপক্ষের বক্সে ভীতি ছড়ায় স্বাগতিকরা। কিন্তু কাছ থেকে কাই হাভার্টজের শট দারুণ নৈপুণ্যের সঙ্গে রুখে দেন ডিফেন্ডার মানুয়েল আকাঞ্জি।

৮৩তম মিনিটে দারুণ এক প্রতি-আক্রমণে সতীর্থের থ্রু বল পেয়ে জালে বল পাঠান রুবেন ভার্গাস, তবে সামান্য ব্যবধানে অফসাইডে হন তিনি। ২ মিনিট পর পাল্টা সুযোগ আসে জার্মানির সামনেও। কিন্তু বক্সের মধ্যে থেকে হাভার্টজের প্রচেষ্টায় বল ক্রসবারের ওপরে পড়ে বাইরে যায়। একটু পরই সুইজারল্যান্ডের আরেকটি আক্রমণ, গ্রানিত জাকার বুলেট গতির শট ঝাঁপিয়ে রুখে দেন মানুয়েল নয়ার। বেঁচে থাকে জার্মানির হার এড়ানোর সম্ভাবনা।

সেটাকেই যোগ করা সময়ের দ্বিতীয় মিনিটে বাস্তব রূপ দেন ফুয়েলখুগ। বাদিক থেকে ডাভিড রাউমের ক্রসে দারুণ হেডে সমতা টেনে মূল্যবান একটি পয়েন্ট নিশ্চিত করেন বরুশিয়া ডর্টমুন্ডের এই ফরোয়ার্ড।

একই সময়ে শুরু গ্রুপের আরেক ম্যাচে স্কটল্যান্ডকে ১-০ গোলে হারিয়ে ৩ পয়েন্ট নিয়ে তৃতীয় স্থানে আছে হাঙ্গেরি। সম্ভাবনা বাঁচিয়ে রেখেছে ৬ গ্রুপের ৪ তৃতীয় সেরা দলের একটি হয়ে নকআউট পর্বে ওঠার।

# নিয়ম ভেঙে শাস্তি পেলেন মিলার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** টি-টোয়েন্টি বিশ্বকাপের সুপার এইটে ইংল্যান্ডের বিপক্ষে ম্যাচে আইসিসির আচরণবিধি ভঙ্গ করেছিলেন ডেভিড মিলার। যে কারণে তাকে শাস্তি দিয়েছে ক্রিকেটের সর্বোচ্চ নিয়ন্ত্রক সংস্থা।

সুপার এইটের ম্যাচে শুক্রবার সেন্ট লুসিয়ায় দক্ষিণ আফ্রিকার ইনিংসের ১৯তম ওভারের ঘটনা এটি। পেসার স্যাম কারানের একটি ফুল টস বল খেলার পর উচ্চতার জন্য 'নো' বলের আশা করেছিলেন মিলার। তবে আম্পায়ার 'নো' বল দেননি। তখন আম্পায়ারের সিদ্ধান্তে মিলার অসন্তোষ প্রকাশ করেন এবং রিভিউ নিতে ইঙ্গিত দেন।

ওই ঘটনায় মিলারের শাস্তির কথা শনিবার সংবাদ বিজ্ঞপ্তিতে জানায় ক্রিকেটের সর্বোচ্চ নিয়ন্ত্রক সংস্থা। তবে মিলারকে কোনো আর্থিক জরিমানা করা হয়নি। আনুষ্ঠানিকভাবে তিরস্কার করা হয়েছে তাকে। পাশাপাশি তার নামের সঙ্গে যুক্ত হয়েছে একটি ডিমেরিট পয়েন্টও।

মিলার নিজের অপরাধ স্বীকার করে ম্যাচ রেফারি জেফ ক্রোর দেওয়া শাস্তি মেনে নেন। তাই আনুষ্ঠানিক শুনানির প্রয়োজন হয়নি।

## নকআউটে
# রোনালদোর পর্তুগাল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** টানা দুই ম্যাচ জিতে ইউরোর নকআউট পর্ব নিশ্চিত করলো ক্রিস্টিয়ানো রোনালদোর পর্তুগাল। শনিবার রাতে ডর্টমুন্ডে 'এফ' গ্রুপে নিজেদের দ্বিতীয় ম্যাচে তুরস্ককে ৩-০ গোলে হারিয়ে এক ম্যাচ হাতে রেখেই শেষ ষোলোতে পৌছে গেলো পর্তুগিজরা। এই ম্যাচে গোল না পেলেও সতীর্থদের দিয়ে গোল করিয়েছেন ক্রিস্টিয়ানো রোনালদো। জিতলেই শেষ ষোলো নিশ্চিত এমন অবস্থায় শুরু থেকেই আক্রমনাত্মক ফুটবল খেলে পর্তুগাল। রোনালদো- ব্রুনো ফার্নান্দেজ আর বারনার্দো সিলভাদের একের পর এক আক্রমনে গোল পেতে বেশীক্ষণ অপেক্ষা করতে হয়নি পর্তুগিজদের। খেলার ২১ মিনিটে প্রথম গোল পায় রোনালদোরা। নুনো মেন্ডেজের কাছ থেকে পাওয়া বলে গোল করতে ভুল করেননি বারনার্দো সিলভা। ২৯ বছর বয়সী ম্যানচেস্টার সিটি উইঙ্গারের এটি পর্তুগালের হয়ে প্রথম গোল। এর আগে দুটি করে ফিফা বিশ্বকাপ ও ইউরো মিলিয়ে টানা ১৪ ম্যাচে গোলশূন্য ছিলেন তিনি। এই গোলের রেশ কাটতে না কাটতেই ৭ মিনিট পরই দ্বিতীয় গোল পেয়ে যায় পর্তুগাল। তুরস্কের ডিফেন্ডারের ভুলে আত্মঘাতি গোল পায় তারা। গোলকিপারকে ব্যাক পাস করেন তুর্কি ডিফেন্ডার সামেত আকায়দিন। কিন্তু গোলকিপার সঠিক জায়গায় না থাকার কারনে বল চলে যায় পোস্টে। অন্য ডিফেন্ডাররা চেষ্টা করেও গোল বাঁচাতে পারেনি। ২-০ গোলে লিড নিয়ে বিরতিতে যায় পর্তুগাল। দ্বিতীয়ার্ধেও সমান তালেই খেলে রোনালদোরা। ৫৫ মিনিটে পেয়ে যায় তৃতীয় গোল। রুবেন নেভাসের কাছ থেকে বল পান রোনালদো। গোলকিপারকে একা পেয়েও নিজে পোস্টে শট না নিয়ে ফাঁকায় দাঁড়ানো ব্রুনো ফার্নান্দেজকে পাস দেন রোনালদো। গোল করতে কোনোরকম ভুল করেননি ম্যানচেস্টার ইউনাইটেডের এই ফরোয়ার্ড। তিন গোল হজম করে অনেকটা হাল ছেড়ে দেয় তুরস্ক। খেলার বাকি সময়ে এক গোলও শোধ দিতে পারেনি তারা। শেষ পর্যন্ত তিন গোলের জয়ে দুই ম্যাচ থেকে ছয় পয়েন্ট নিয়ে শেষ ষোলো নিশ্চিত হয়ে যায় পর্তুগালের। এদিকে জমজমাট লড়াই হচ্ছে 'ই' গ্রুপে। এই গ্রুপে দুটি করে ম্যাচ শেষে চার দলেরই পয়েন্ট সমান তিন করে। দুই রাউন্ড শেষেও নকআউট পর্বের টিকেট পায়নি কোনো দল। কলোগনেতে রোমানিয়াকে ২-০ গোলে হারিয়ে লড়াইয়ে ফিরেছে বেলজিয়াম। প্রথম ম্যাচে স্লোভাকিয়ার কাছে তারা হেরেছিলো ১-০ গোলে। অন্যদিকে ইউক্রেনের কাছে ২-১ গোলে হেরেছে স্লোভাকিয়া। এই গ্রুপ থেকে চার দলের সামনেই সমান সুযোগ রয়েছে নকআউট পর্বে যাওয়ার। আগামী বুধবার গ্রুপের শেষ ম্যাচে বেলজিয়াম খেলবে ইউক্রেনের বিপক্ষে অন্য ম্যাচে রোমানিয়ার প্রতিপক্ষ স্লোভাকিয়া। এক্ষেত্রে সুবিধাজনক অবস্থায় আছে রোমানিয়া ও বেলজিয়াম। এই দুই দল শেষ ম্যাচে হার এড়াতে পারলেই নকআউট পর্ব নিশ্চিত হয়ে যাবে।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুণ্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR